# বার্ষিক প্রতিবেদন

## ২০১৬-২০১৭

বাংলাদেশ টেলিভিশন

তথ্য মন্ত্রণালয়

www.btv.gov.bd



# বার্ষিক প্রতিবেদন

## ২০১৬-২০১৭

বাংলাদেশ টেলিভিশন

তথ্য মন্ত্রণালয়

www.btv.gov.bd

# বার্ষিক প্রতিবেদন ২০১৬-২০১৭
# বাংলাদেশ টেলিভিশন


| | | |
|---|---|---|
| প্রকাশকাল | : | **সেপ্টেম্বর ২০১৮** |
| প্রকাশনা | : | তথ্য প্রদান ইউনিট<br>বাংলাদেশ টেলিভিশন |
| সার্বিক তত্ত্বাবধান | : | **এস.এম. হারুন-অর-রশীদ**<br>মহাপরিচালক<br>বাংলাদেশ টেলিভিশন |
| উপদেষ্টামণ্ডলী | : | **সুরথ কুমার সরকার**<br>উপমহাপরিচালক (অনুষ্ঠান)<br>**মো: শাখাওয়াত হোসেন**<br>পরিচালক (প্রশাসন) |
| সম্পাদনা | : | **মো: জাহাঙ্গীর আলম**<br>অতিরিক্ত পরিচালক (প্রশাসন)<br>**মো: জুলফিকার রহমান কোরাইশী**<br>কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার<br>**সাহরিয়ার মোহাম্মদ হাসান**<br>কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার<br>**মো: মনিরুল ইসলাম**<br>কন্ট্রোলার/ইঞ্জিনিয়ারিং ম্যানেজার<br>**মামুন সরকার**<br>বিজ্ঞাপন নির্বাহী<br>**মোঃ হেলাল কবির**<br>উপপরিচালক (প্রশাসন)<br>**আফিফা আফরোজ**<br>সহকারী পরিচালক (প্রশাসন) |
| স্থিরচিত্র | : | **মো: হাকিকুল ইসলাম**<br>**হাসান মাহমুদ শাকিল** |



আমাদের প্রেরণা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

# মুখবন্ধ

টেলিভিশনের দায়িত্ব হলো দর্শকদের তথ্য, শিক্ষা ও বিনোদন প্রদান। চলমান ঘটনার তথ্য প্রদানসহ শিক্ষামূলক এবং রুচিশীল বিনোদনমূলক বিভিন্ন কনটেন্ট এবং অনুষ্ঠান প্রচারের মাধ্যমে জনগণকে সচেতন ও উদ্বুদ্ধ করা। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। মানুষের জীবনমানের উন্নয়নসহ উন্নয়ন ও অগ্রগতির বিভিন্ন সূচকে বাংলাদেশের অগ্রগতি আজ সারা দুনিয়ার নজর কেড়েছে। জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ ফিরে এসেছে মুক্তিযুদ্ধের পথে। অসুন্দরের বিরুদ্ধে, সুন্দর এবং সৃজনশীলতার পক্ষে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সুখী, সমৃদ্ধ ও শান্তিপূর্ণ সোনার বাংলা প্রতিষ্ঠার পথে অনেকটা পথ এগিয়ে গেছি আমরা। দেশপ্রেম, সুন্দর, সত্য ও ন্যায়ের পথে মানুষের মানবিক বোধকে উজ্জীবিত করার লক্ষ্যে সংবাদ ও অনুষ্ঠানসহ বিভিন্ন কনটেন্ট সম্প্রচার করে রাষ্ট্রীয় সম্প্রচার প্রতিষ্ঠান বাংলাদেশ টেলিভিশন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ৩৯ নং অনুচ্ছেদে নাগরিকদের চিন্তা, বিবেক ও বাক স্বাধীনতা অন্যতম মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত। জনগণের এ অধিকার নিশ্চিত করার লক্ষ্যে সরকার তথ্য অধিকার আইন, ২০০৯ প্রণয়ন করেছে। তথ্যের অবাধ প্রবাহের উদ্দেশ্যকে সামনে রেখে বাংলাদেশ টেলিভিশনের কার্যাবলি, প্রতিবছরের সম্পাদিত কার্যক্রম, ভবিষ্যৎ কর্মপরিকল্পনা জনগণকে জানানোর জন্য 'তথ্য অধিকার আইন, ২০০৯'-এর ৬ ধারা অনুযায়ী তথ্য প্রকাশের অংশ হিসেবে ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। এ প্রতিবেদন থেকে গত এক বছরের সম্পাদিত কার্যাবলি এবং লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে এ প্রতিষ্ঠান কতটুকু সফল হয়েছে সে সর্ম্পকে ধারণা পাওয়া যাবে।

আশা করি, এই প্রতিবেদন বাংলাদেশ টেলিভিশনের তথ্য প্রদান কার্যক্রমকে ফলপ্রসূ করবে এবং জনগণের সাংবিধানিক অধিকার প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

০১.৯.১৮

এস.এম. হারুন-অর-রশীদ
মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | প্রারম্ভিক কথা | ০৭ |
| ২ | রূপকল্প | ০৭ |
| ৩ | অভিলক্ষ্য | ০৭ |
| ৪ | কার্যাবলি | ০৮ |
| ৫ | সাংগঠনিক কাঠামো | ০৮ |
| ৬ | বাংলাদেশ টেলিভিশনের চ্যানেল, কেন্দ্র ও উপকেন্দ্র সংক্রান্ত তথ্যাদি, ট্রান্সমিটার, স্টুডিও ও আর্থ স্টেশন সংক্রান্ত তথ্য | ০৯ |
| ৭ | বহি:বিশ্বে বিটিভি, বিটিভি ওয়ার্ল্ড ও বিটিভি চট্টগ্রাম কেন্দ্রের স্যাটেলাইট কাভারেজ এরিয়া | ১০ |
| ৮ | বিভিন্ন শাখা ও কার্যক্রম | ১১-১৯ |
| ৯ | প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি | ২০ |
| ১০ | প্রকল্প সংক্রান্ত তথ্যাদি | ২১-২৩ |
| ১১ | আন্তর্জাতিক বিভিন্ন সংস্থার সাথে সম্পর্ক | ২৪-২৫ |
| ১২ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | ২৫-২৭ |
| ১৩ | ইনোভেশন | ২৮ |
| ১৪ | উল্লেখযোগ্য অন্যান্য কার্যক্রম | ২৮-২৯ |
| ১৫ | তথ্য অধিকার সংক্রান্ত তথ্যাদি | ২৯-৩০ |

# বাংলাদেশ টেলিভিশন

## ০১. প্রারম্ভিক কথা

বাংলাদেশ টেলিভিশন ১৯৬৪ সালের ২৫শে ডিসেম্বর আত্মপ্রকাশ করে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সরকারের আমলে জাপানী সহায়তায় আধুনিক প্রযুক্তি সংযুক্ত করে ১৯৭৫ সালের ৯ই ফেব্রুয়ারি ডিআইটির ক্ষুদ্র পরিসর থেকে টেলিভিশনের জন্য নির্মিত রামপুরাস্থ নতুন ভবনে স্থানান্তর করা হয়। ৬ই মার্চ ১৯৭৫ আনুষ্ঠানিকভাবে রামপুরাস্থ টিভি ভবনের উদ্বোধন হয়। টিএন্ডটি বোর্ডের সহায়তায় মাইক্রোওয়েভ সংযোগ ব্যবহারের মাধ্যমে দেশের গুরুত্বপূর্ণ শহরসমূহে পর্যায়ক্রমে ট্রান্সমিটার স্থাপন করে দেশব্যাপি অনুষ্ঠান প্রচার করা হয়। আশি ও নব্বই এর দশকে ঢাকা কেন্দ্র থেকে গড়ে দৈনিক ৬ ঘন্টার অনুষ্ঠান প্রচারিত হতো।



গত ৫ই নভেম্বর ২০১২ থেকে বিটিভির অনুষ্ঠান ২৪ ঘন্টা স্যাটেলাইটে সম্প্রচারিত হচ্ছে। বর্তমানে ঢাকা কেন্দ্র, চট্টগ্রাম কেন্দ্র ও দেশের বিভিন্ন স্থানে অবস্থিত ১৪টি উপকেন্দ্র/রিলে কেন্দ্রের মাধ্যমে সম্প্রচার কার্যক্রম চলছে । দেশের শতকরা ৯৫ ভাগ এলাকা এবং ৯৭ ভাগ জনগণ বিটিভির সম্প্রচার কাভারেজের আওতাভুক্ত। এছাড়াও পৃথক চ্যানেলে বিটিভি ওয়ার্ল্ড এর অনুষ্ঠানমালা ১১ই এপ্রিল ২০০৪ থেকে স্যাটেলাইটে ২৪ ঘন্টা সম্প্রচার করা হচ্ছে। মধ্যপ্রাচ্যের দেশসমূহসহ পশ্চিমে সাইপ্রাস, পূর্বে জাপান, উত্তরে সিআইএস দেশসমূহ ও দক্ষিণে অস্ট্রেলিয়ার দর্শকসহ বিশ্বের প্রায় ৫০টি দেশের দর্শকগণ বিটিভি ওয়ার্ল্ড এর অনুষ্ঠান দেখার সুযোগ পাচ্ছেন।

অপরদিকে গত ২৫শে জানুয়ারি ২০১১ থেকে সংসদ বাংলাদেশ টেলিভিশন চ্যানেল এর অনুষ্ঠান বিটিভির জনবল ও কারিগরি সহায়তায় সম্প্রচার করা হচ্ছে। ১৯৯৬ সালের ১৯শে ডিসেম্বর চট্টগ্রামে বাংলাদেশ টেলিভিশনের ২য় পূর্ণাঙ্গ কেন্দ্র স্থাপিত হয়। কেন্দ্রটি উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উক্ত কেন্দ্র থেকে পৃথকভাবে ১ ঘন্টা ৩০ মিনিটের স্থানীয় অনুষ্ঠান সম্প্রচার করা হতো। ৩১শে ডিসেম্বর ২০১৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী উক্ত কেন্দ্র থেকে ৬ ঘণ্টার অনুষ্ঠান সম্প্রচার শুভ উদ্বোধন করেন। বর্তমানে চট্টগ্রাম কেন্দ্র থেকে স্যাটেলাইটের মাধ্যমে পৃথকভাবে প্রতিদিন ৬ ঘন্টা ব্যাপ্তিকালের অনুষ্ঠান প্রচার করা হয়।




বিটিভির ৫০ বছর পূর্তিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

## ০২. রূপকল্প (Vision):

তথ্য, শিক্ষা ও বিনোদন সেবা প্রদান এবং সৃজনশীলতা চর্চার মাধ্যমে ভিশন-২০২১ ও টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) অর্জনে ফলপ্রসূ কার্যক্রম গ্রহণের জন্য জনগণকে উদ্বুদ্ধকরণ।

## ০৩. অভিলক্ষ্য (Mission):

অনুষ্ঠান ও বহুমাত্রিক টিভি কনটেন্ট তৈরি এবং সংবাদ প্রচারের মাধ্যমে জনগণকে তথ্যপ্রদান, উন্নয়নে উদ্বুদ্ধকরণ, জাতীয় ইতিহাস, ঐতিহ্য, কৃষ্টি, সংস্কৃতির চর্চা ও লালনের মাধ্যমে জনরুচি উন্নয়ন ও জনমনে ইতিবাচক পরিবর্তন সাধন; পরিবেশ ও প্রকৃতি এবং জীবন-জীবিকার সাথে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে গণসচেতনতা ও জনগণের তথ্য প্রাপ্তির অধিকারের বিষয়ে সচেতনতা সৃষ্টি।

**০৪.** **কার্যাবলি (Functions):**


১. সম্প্রচার নীতিমালার উন্নয়ন ও আধুনিকায়নে সরকার/মন্ত্রণালয়কে সহায়তা প্রদান;
২. দেশে-বিদেশে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় মন্ত্রী ও গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের কার্যক্রম ধারণ ও সম্প্রচার;
৩. দেশ ও বিদেশের সংবাদ ও প্রতিবেদন প্রচার;
৪. বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতির উপর ভিত্তি করে তথ্যমূলক অনুষ্ঠান নির্মাণ ও প্রচার;
৫. শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, নারী ও শিশু অধিকার, দারিদ্র্য বিমোচন, জনসংখ্যা নিয়ন্ত্রণ, পরিবেশ উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, কৃষি ও কৃষি অর্থনীতিসহ জীবন ও জীবিকার সাথে সম্পর্কিত বিভিন্ন বিষয়ে অনুষ্ঠান/প্রামাণ্যচিত্র/সংবাদ নির্মাণ ও প্রচার;
৬. ক্রীড়া, শিল্প, সাহিত্য, সংস্কৃতি, ব্যবসা-বাণিজ্য এবং বিনিয়োগ সংক্রান্ত অনুষ্ঠান নির্মাণ ও প্রচার;
৭. তথ্য অধিকার আইন বাস্তবায়নে প্রচার সহযোগিতা প্রদান;
৮. মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগের ব্র্যান্ডিং এর বিষয়ে নানামাত্রিক প্রচার;
৯. টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) অর্জনের পরিপূরক কনটেন্ট নির্মাণ ও সম্প্রচার এবং
১০. দেশি-বিদেশি সম্প্রচার সংস্থা/সংগঠনের সাথে যোগাযোগ, সমন্বয় সাধন এবং ধ্রুপদী ও শিক্ষামূলক বিদেশি অনুষ্ঠান সম্প্রচার।

**০৫.** **সাংগঠনিক কাঠামো**

বাংলাদেশ টেলিভিশনে ০৮টি শাখা রয়েছে। শাখাসমূহ হলো:

০১) প্রশাসন ০২) অর্থ ও হিসাব ৩) বিজ্ঞাপন ০৪) অনুষ্ঠান
০৫) বার্তা ০৬) ডিজাইন ০৭) ক্যামেরা ০৮) প্রকৌশল

মহাপরিচালক বাংলাদেশ টেলিভিশনের প্রশাসনিক প্রধান। অনুমোদিত পদকাঠামো অনুযায়ী কর্মকান্ড পরিচালনার জন্য উর্ধ্বতন কর্মকর্তা পর্যায়ের সংক্ষিপ্ত তথ্যচিত্র নিম্নরূপ:



## ০৬. বাংলাদেশ টেলিভিশনের চ্যানেল সংক্রান্ত তথ্য

বাংলাদেশ টেলিভিশনের চ্যানেল সংখ্যা ০৩টি:

১. বিটিভি

২. বিটিভি ওয়ার্ল্ড

৩. বিটিভি চট্টগ্রাম কেন্দ্র।

| | |
|---|---|
| (ক) টেরিস্ট্রিয়াল চ্যানেল: | বিটিভি |
| (খ) স্যাটেলাইট চ্যানেল: | বিটিভি, বিটিভি ওয়ার্ল্ড ও বিটিভি চট্টগ্রাম কেন্দ্র |



বিটিভি, সদর দপ্তর

## ০৭. কেন্দ্র ও উপকেন্দ্র সংক্রান্ত তথ্যাদি

**কেন্দ্রসমূহ:** বাংলাদেশ টেলিভিশনে কেন্দ্র-০২টি

| | |
|---|---|
| ঢাকা কেন্দ্র | এটি বিটিভির মূল কেন্দ্র। এ কেন্দ্র থেকে দৈনিক ১৮ ঘন্টার টেরিস্ট্রিয়াল সম্প্রচারসহ বিটিভি ও বিটিভি ওয়ার্ল্ডের অনুষ্ঠান স্যাটেলাইটে ২৪ ঘন্টা সম্প্রচার করা হয়। |
| চট্টগ্রাম কেন্দ্র | এ কেন্দ্র থেকে বর্তমানে ১ ঘন্টা ৩০ মিনিট থেকে বাড়িয়ে ৬ ঘন্টা অনুষ্ঠান সম্প্রচার করা হচ্ছে। |



বিটিভি, ঢাকা কেন্দ্র



বিটিভি, চট্টগ্রাম কেন্দ্র

**উপকেন্দ্রসমূহ:**


দেশব্যাপি বাংলাদেশ টেলিভিশনের সম্প্রচার কার্যক্রম পরিচালনার জন্য দেশের বিভিন্ন এলাকায় মোট ১৪টি উপকেন্দ্র/রিলে কেন্দ্র রয়েছে। এগুলো হলো: নাটোর, খুলনা, ময়মনসিংহ, সিলেট, রংপুর, নোয়াখালী, ব্রাহ্মণবাড়িয়া, ঠাকুরগাঁও, রাজশাহী, ঝিনাইদহ, সাতক্ষীরা, পটুয়াখালী, উখিয়া এবং রাঙ্গামাটি।

## ০৮. ট্রান্সমিটার সংক্রান্ত তথ্য (১০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন)

| | |
|---|---|
| ঢাকা কেন্দ্রে-৩টি | (ডিজিটাল-১টি, এনালগ-১টি ও স্ট্যান্ডবাই-১টি) |
| চট্টগ্রাম কেন্দ্রে-২টি | (ডিজিটাল-১টি, এনালগ-১টি) |
| খুলনা উপকেন্দ্রে-২টি | (ডিজিটাল-১টি, এনালগ-১টি) |
| অন্যান্য উপকেন্দ্র/রিলে কেন্দ্রে ১টি করে -১৩টি | |
| সর্বমোট - ২০টি | |

## ০৯. স্টুডিও সংখ্যা

| | |
|---|---|
| ঢাকা কেন্দ্র | ১০টি (সংবাদ স্টুডিও এবং অডিটরিয়ামসহ) |
| চট্টগ্রাম কেন্দ্র | ২টি (১টি সংবাদ এবং ১টি ড্রামা স্টুডিও) |




## ১০. স্যাটেলাইট আর্থ স্টেশন - ৩টি

| | |
|---|---|
| (ক) | এভিএন আর্থ স্টেশন (এশিয়া ভিশন নিউজ এক্সচেঞ্জ-এর জন্য)। |
| (খ) | বিটিভি আর্থ স্টেশন (বিটিভির অনুষ্ঠান উপগ্রহের মাধ্যমে সম্প্রচার করার জন্য)। |
| গ) | বিটিভি চট্টগ্রাম কেন্দ্রের আর্থ স্টেশন (বিটিভি চট্টগ্রাম কেন্দ্রের অনুষ্ঠান উপগ্রহের মাধ্যমে সম্প্রচার করার জন্য)। |

এছাড়াও সরাসরি সম্প্রচারের জন্য ১টি Digital Satellite News Gathering (**DSNG)** ইউনিট রয়েছে।

## ১১. বহি:বিশ্বে বিটিভি, বিটিভি ওয়ার্ল্ড ও বিটিভি চট্টগ্রাম কেন্দ্রের স্যাটেলাইট কাভারেজ এরিয়া

বিটিভি, বিটিভি ওয়ার্ল্ডসহ সংসদ বাংলাদেশ টেলিভিশন চ্যানেলের স্যাটেলাইট সম্প্রচার বর্তমানে হংকংস্থ ASIASAT-7 স্যাটেলাইটের ১০৫.৫° East মাধ্যমে এবং চট্টগ্রাম কেন্দ্রের স্যাটেলাইটে সম্প্রচার হংকংস্থ APSTAR-7 সাটেলাইটের 76.5$^{0}$ EAST মাধ্যমে পরিচালিত হচ্ছে। ফলে মধ্যপ্রাচ্যের সকল দেশ, পশ্চিমে সাইপ্রাস, পূর্বে জাপান, উত্তরে সিআইএস দেশসমূহ ও দক্ষিণে অস্ট্রেলিয়ার দর্শকবৃন্দ স্যাটেলাইটের সাহায্যে ২৪ ঘন্টা বিটিভি, বিটিভি ওয়ার্ল্ড, বিটিভি চট্টগ্রাম কেন্দ্রসহ সংসদ বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠান দেখার সুযোগ পাচ্ছে। বিটিভির অনুষ্ঠান নিম্নবর্ণিত দেশসমূহে দেখা যায়:




| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ০১. | ভারত | ১৪. | ইরাক | ২৭. | পূর্ব তিমুর | ৪০. | ফিলিপাইন |
| ০২. | চীন | ১৫. | ইরান | ২৮. | জাপান | ৪১. | তুরস্ক |
| ০৩. | ভুটান | ১৬. | কুয়েত | ২৯. | রাশিয়া | ৪২. | আজারবাইজান |
| ০৪. | নেপাল | ১৭. | কাতার | ৩০. | অস্ট্রেলিয়া | ৪৩. | কিরগিজিস্তান |
| ০৫. | মিয়ানমার | ১৮. | ইয়েমেন | ৩১. | সাইপ্রাস | ৪৪. | জর্জিয়া |
| ০৬. | থাইল্যান্ড | ১৯. | ওমান | ৩২. | আরমেনিয়া | ৪৫. | লাওস |
| ০৭. | সিঙ্গাপুর | ২০. | লেবানন | ৩৩. | গ্রীস | ৪৬. | সিরিয়া |
| ০৮. | মালয়েশিয়া | ২১. | জর্ডান | ৩৪. | কাজাকিস্তান | ৪৭. | তাইওয়ান |
| ০৯. | ব্রুনাই | ২২. | ইসরাইল | ৩৫. | উজবেকিস্তান | ৪৮. | তুর্কিমেনিস্তান |
| ১০. | শ্রীলংকা | ২৩. | ইন্দোনেশিয়া | ৩৬. | তাজাকিস্তান | ৪৯. | সংযুক্ত আরব আমিরাত |
| ১১. | পাকিস্তান | ২৪. | মঙ্গোলিয়া | ৩৭. | আফগানিস্তান | * | অন্যান্য দেশ |
| ১২. | বাহরাইন | ২৫. | দক্ষিণ কোরিয়া | ৩৮. | কম্বোডিয়া | | |
| ১৩. | সৌদি আরব | ২৬. | উত্তর কোরিয়া | ৩৯. | ভিয়েতনাম | | |

১২. **বিভিন্ন শাখা ও কার্যক্রম:**

**(১) অনুষ্ঠান শাখা**

রাষ্ট্রীয় গণমাধ্যম হিসেবে বিটিভি সব শ্রেণির দর্শককে বিবেচনায় রেখে অনুষ্ঠান পরিকল্পনা করে। বাঙালির ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, শিক্ষা, মহান মুক্তিযুদ্ধ ইত্যাদি বিটিভি অনুষ্ঠানের মূল উপজীব্য । এছাড়াও বিটিভি নির্মল, সুস্থধারার বিনোদনমূলক এবং তথ্য-প্রযুক্তি নির্ভর অনুষ্ঠান প্রচার করে। সরকারের সাথে জনগণের সেতুবন্ধন এবং মানুষের দৃষ্টিভঙ্গির ইতিবাচক পরিবর্তনের কাজও বিটিভির অন্যতম লক্ষ্য ও উদ্দেশ্য।




দুর্নীতি দমনে প্রচারণামূলক অনুষ্ঠান ‘সত্য বল সুপথে চল’




জাতীয় টেলিভিশন বিতর্ক প্রতিযোগিতা-২০১৫পুরস্কার বিতরণী অনুষ্ঠান

**ফিক্সড পয়েন্ট চার্ট:**

মহাপরিচালক/উপ-মহাপরিচালক (অনুষ্ঠান)-এর নেতৃত্বে গঠিত একটি কমিটি পরবর্তী ৩ (তিন) মাসের অনুষ্ঠানমালা এবং প্রচারসূচি নির্ধারণ করেন। অনুষ্ঠান এবং প্রচারসূচি অন্তর্ভুক্ত করে পরবর্তী প্রান্তিকের (তিন মাস) জন্য একটি ত্রৈমাসিক প্রচারসূচি প্রকাশ করা হয়। প্রসঙ্গত বিশেষ অনুষ্ঠানসমূহের তালিকা আলাদাভাবে তৈরি করা হয়।

**অনুষ্ঠান প্রযোজনার দায়িত্ব বণ্টন:**

সদর দপ্তর অনুমোদিত ত্রৈমাসিক প্রচারসূচি প্রকাশের পর জেনারেল ম্যানেজার-এর অনুমোদনক্রমে প্রোগ্রাম ম্যানেজার (প্রশাসন) প্রযোজনার দায়িত্ব বণ্টন করেন।

**অনুষ্ঠান নির্মাণ:**

একটি ত্রৈমাসিক প্রচারসূচি মোতাবেক দায়িত্বপ্রাপ্ত প্রযোজকগণ অনুষ্ঠানের বিষয়বস্তু নির্ধারণ, শিল্পী চূড়ান্তকরণ, আউটডোর/ইনডোরে চিত্র ধারণ এবং সম্পাদনাপূর্বক অনুষ্ঠানটি সম্প্রচারের জন্য উপস্থাপন সেলে জমা দেওয়া হয়।

**অনুষ্ঠান প্রযোজনা:**

**অনুষ্ঠান ধারণপূর্ব স্তর/ধাপসমূহ-**

ক. স্ক্রিপ্ট লিখন
খ. স্টোরিবোর্ড তৈরিকরণ
গ. গবেষণা (বিষয়বস্তু/দর্শক নির্ধারণ)
ঘ. স্টুডিও/শুটিং স্থান নির্ধারণ এবং রেকি করা
ঙ. শিল্পী চূড়ান্তকরণ এবং তালিকা অনুমোদন
চ. বাজেট পূর্বানুমোদন
ছ. সিজি প্রস্তুতকরণ
জ. টেবিল/ড্রাই রিহার্সেল
ঞ. Crews নির্ধারণ
ট. শুটিং যন্ত্রপাতি সংগ্রহ/চাহিদা অনুমোদন
ঠ. শিল্প নির্দেশক কর্তৃক দৃশ্যপট রচনা ও সেই অনুযায়ী ফ্লোর ম্যাপ এবং সেট/মঞ্চ নির্মাণ/বহির্দৃশ্য রচনা
ড. মেকআপ/কস্টিউমস/রূপসজ্জার চাহিদা অনুমোদন/সংগ্রহ
ঢ. শুটিং টাইমলাইন নির্ধারণ
ণ. প্রয়োজনীয় ক্যাসেট/টেপ/মোমোরি কার্ড/Portable Disk সংগ্রহ।

**অনুষ্ঠান ধারণকালে প্রযোজকগণ নিম্নোক্ত কাজ করেন:**

ক. শিল্পী এবং কলাকুশলীদের একত্রীকরণ
খ. মেশিনারি সেটআপ
গ. মেকআপ এবং রূপসজ্জা সম্পন্নকরণ
ঘ. সেট/মঞ্চ/লোকেশন প্রস্তুতকরণ
ঙ. নির্ধারিত সময়ে শুটিং আরম্ভ এবং শেষ করা।

**অনুষ্ঠান ধারণ পরবর্তীকলে প্রযোজকগণ নিম্নোক্ত কাজ করেন:**

ক. ভিডিও এডিটিং
খ. টাইটেল/সিজি সংযোগ/যুক্তকরণ
গ. শব্দ গ্রহণ সম্পাদনা এবং মিশ্রণ
ঘ. ডাবিং/নেপথ্য কণ্ঠ সংযোজন
ঙ. ভিজ্যুয়াল ইফেক্ট সংযুক্তকরণ
চ. Third ID/সুপার ইনপুট
ছ. Crew list/Costing তালিকা সংযুক্তকরণ
জ. Download সম্পন্নকরণ
ঝ. Promo তৈরিকরণ এবং প্রচার
ঞ. বাজেট অনুমোদন এবং সম্মানী শাখায় প্রেরণ
ট. পুন:সম্পাদন।



উপমহাদেশের প্রখ্যাত কণ্ঠ শিল্পী রুনা লায়লাকে নিয়ে বিটিভির বিশেষ অনুষ্ঠান



আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে বিটিভির বিশেষ অনুষ্ঠান

**ছাড়পত্র এবং সম্প্রচার:**

নির্মিত/চূড়ান্তকৃত অনুষ্ঠানটি যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা হয় এবং কর্তৃপক্ষের ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে সম্প্রচারের জন্য উপস্থাপন/অধিবেশন কক্ষে জমা করা হয়। পূর্বে নির্ধারিত সময়সূচি অনুযায়ী (ফিক্সড পয়েন্ট চার্ট) নির্ধারিত সময়ে অনুষ্ঠান সম্প্রচার করা হয়। মূল চ্যানেলে সম্প্রচারিত অনুষ্ঠানগুলো BTV National, BTV World, BTV Facebook/ YouTube-এ সম্প্রচার করা হয়।

**দর্শক গবেষণা/মতামত সংগ্রহ:**

অডিয়েন্স রিসার্চ সেল প্রাপ্ত ই-মেইল/টেলিফোন/পত্র/স্যোসাল মিডিয়ার লাইক/শেয়ার/কমেন্ট নিয়ে গবেষণা/জরিপ/ দর্শক গ্রহণযোগ্যতা নির্ধারণ করেন।

**বার্ষিক অনুষ্ঠান সম্প্রচার:**

বাংলাদেশ টেলিভিশনে ২০১৬-২০১৭ অর্থ বছরে বিনোদনমূলক অনুষ্ঠান, বার্তা, উন্নয়নমূলক অনুষ্ঠান, ম্যাগাজিন অনুষ্ঠান, প্যাকেজ অনুষ্ঠান, দেশি ও বিদেশি চলচ্চিত্র, জনসচেতনতা ও উন্নয়নমূলক স্পট ও শ্লোগান এবং বিজ্ঞাপনসহ নিজস্ব প্রযোজিত অনুষ্ঠান এবং প্যাকেজের আওতায় বিভিন্ন ক্যাটাগরিতে মোট ৬৫৭৯ ঘন্টা ৫২ মিনিট অনুষ্ঠান প্রচারিত হয়েছে।

| ক্রমিক নং | বিষয় | লক্ষ্যমাত্রা | | | অর্জন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ঘন্টা | মিনিট | শতকরা | ঘন্টা | মিনিট | শতকরা |
| ১ | উন্নয়নমূলক অনুষ্ঠান | ১৫০ | ০০ | ২.৩৪% | ১১৬ | ৫৭ | ১.৭৮% |
| ২ | শিক্ষামূলক অনুষ্ঠান | ২০০ | ০০ | ৩.১২% | ১৬৯ | ০০ | ২.৫৭% |
| ৩ | কৃষি, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক অনুষ্ঠান | ২২২ | ০০ | ৩.৪৬% | ২৫৭ | ২১ | ৩.৯১% |
| ৪ | স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার কল্যাণ বিষয়ক অনুষ্ঠান | ১৯০ | ০০ | ২.৯৬% | ২০০ | ২৩ | ৩.০৫% |
| ৫ | ইতিহাস, ঐতিহ্য, প্রকৃতি, পরিবেশ ও পর্যটন বিষয়ক অনুষ্ঠান | ৭৮ | ০০ | ১.২২% | ৭৮ | ১৩ | ১.১৯% |

| ক্রমিক নং | বিষয় | লক্ষ্যমাত্রা | | | অর্জন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ঘন্টা | মিনিট | শতকরা | ঘন্টা | মিনিট | শতকরা |
| ৬ | জনসচেতনতা ও উন্নয়নমূলক স্পট ও শ্লোগান | ৫৭০ | ০০ | ৮.৮৮% | ৫০৪ | ৪৩ | ৭.৬৭% |
| ৭ | ধর্মীয় অনুষ্ঠান | ৩৫০ | ০০ | ৫.৪৬% | ৩৭৬ | ৩৫ | ৫.৭২% |
| ৮ | ক্রীড়া অনুষ্ঠান | ১৫ | ০০ | ০.২৩% | ১৩ | ৫৮ | ০.২১% |
| ৯ | বিনোদনমূলক অনুষ্ঠান | ৭৭৫ | ০০ | ১২.০৮% | ৯২২ | ২৪ | ১৪.০২ |
| ১০ | মহিলা বিষয়ক অনুষ্ঠান | ৪৫ | ০০ | ০.৭০% | ৫১ | ৫০ | ০.৭৯% |
| ১১ | শিশু কিশোরদের অনুষ্ঠান | ১২৬ | ০০ | ১.৯৬% | ১১৬ | ৪৪ | ১.৭৭% |
| ১২ | অন্যান্য অনুষ্ঠান | ৪৯০ | ৩০ | ৭.৬৪% | ৫১৯ | ১৫ | ৭.৯০% |
| ১৩ | বিশেষ অনুষ্ঠান | ৩৭৮ | ০০ | ৫.৮৯% | ৩৯৯ | ১৮ | ৬.০৭% |
| ১৪ | সরাসরি সম্প্রচারিত অনুষ্ঠান | ৯০০ | ০০ | ১৪.০৩% | ১০৪৬ | ২৭ | ১৫.৯০ |
| ১৫ | বিটিভি প্রযোজিত সংবাদ | ৮৮২ | ০০ | ১৩.৭৫% | ৯৩২ | ১০ | ১৪.১৭ |
| ১৬ | সংবাদ ও বার্তা বিষয়ক অনুষ্ঠান | ১০০ | ০০ | ১.৫৬% | ১০০ | ১৪ | ১.৫২% |
| ১৭ | প্যাকেজ অনুষ্ঠান | ৪২৫ | ০০ | ৬.৬২% | ৩৬৯ | ২৫ | ৫.৬১% |
| ১৮ | দেশি/বিদেশি চলচ্চিত্র এবং অনুষ্ঠান | ২৭০ | ০০ | ৪.২১% | ২৭৬ | ৩০ | ৪.২০% |
| ১৯ | বিজ্ঞাপন | ২৫০ | ০০ | ৩.৯০% | ১২৭ | ৫৫ | ১.৯৪% |
| | সর্বমোট | ৬৪১৬ | ৩০ | ১০০% | ৬৫৭৯ | ৫২ | ১০২.৫৪ |

## বিটিভি আর্কাইভস

সাংস্কৃতিক ইতিহাস-এর বিবর্তনের সাক্ষ্য ও সকল/ভিডিও অনুষ্ঠানসমূহ জরুরি ভিত্তিতে সংরক্ষণ করার জন্য গত ৩রা সেপ্টেম্বর ২০০৩ তারিখে বাংলাদেশ টেলিভিশনের আর্কাইভস প্রতিষ্ঠা করা হয়।

## ২) শিল্প নির্দেশনা শাখা

শিল্পনির্দেশনা বা ডিজাইন শাখার প্রধান দুটি কাজ হলো: অনুষ্ঠানের শিল্পনির্দেশনা এবং গ্রাফিকস অ্যানিমেশন। অনুষ্ঠানের নান্দনিক পরিবেশ তৈরি, মঞ্চ নির্মাণ, বাস্তব দৃশ্যের সাথে সাদৃশ্য রেখে দৃশ্যপট সৃজন ইত্যাদি সম্পন্ন করা শিল্পনির্দেশনার কাজ। পান্ডুলিপির চাহিদা অনুযায়ী একটি অনুষ্ঠানের প্রকৃতি ও তার চাহিদার সাথে সঙ্গতি রেখে শিল্পনির্দেশক অনুষ্ঠানের সেট তৈরি করেন। বিটিভির নানামুখী অনুষ্ঠানের শিল্পনির্দেশনার পাশাপাশি অনেক রাষ্ট্রীয় ও জনগুরুত্বপূর্ণ অনুষ্ঠানের সেটও এ শাখা সম্পাদন করে থাকে।



ঈদ আনন্দমেলা অনুষ্ঠানের একটি অংশ

## (৩) বার্তা শাখা

বাংলাদেশ টেলিভিশন বার্তা শাখা দেশ ও বিদেশের বস্তুনিষ্ঠ তথ্যভিত্তিক সংবাদ ও প্রতিবেদন চিত্রসহ প্রচার করে। সরকারের যাবতীয় কর্মকান্ডসহ সরকার গৃহীত উন্নয়নমূলক কার্যাবলির খবর জনগণের কাছে পৌছে দিয়ে ইতিবাচক পরিবর্তনের দিকে উদ্বুদ্ধ করে এবং তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিত করে থাকে। আধুনিক প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে সংবাদ আকর্ষণীয়, বৈচিত্রপূর্ণ ও দৃষ্টিনন্দন করা হয়েছে। তালিকাভুক্ত সংবাদ পাঠক/পাঠিকা এবং কর্মরত কর্মকর্তা ও রিপোর্টারদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। বাক ও শ্রবণ প্রতিবন্ধীদের জন্য প্রতিদিন বিটিভির ২টি বুলেটিন ইশারা ভাষায় উপস্থাপিত হচ্ছে।



বার্তা কক্ষের কন্ট্রোল রুম



নিউজ স্টুডিও

জাতীয় সংবাদসহ বিটিভির সকল সংবাদে কৃষি বিষয়ক সংবাদ সংযোজন করা হয়েছে। জাতীয় শোক দিবস ও জাতির পিতার জন্মবার্ষিকী, ভাষার মাস, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস এবং বিজয় দিবসের ওপর ভিত্তি করে মাসব্যাপী প্রতিবেদন,বিশেষ দিবসের ওপর প্রতিবেদন, তথ্য অধিকার প্রতিষ্ঠায় গণসচেতনতা সৃষ্টি, শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, নারী ও শিশু অধিকার, দারিদ্র্য বিমোচন, জনসংখ্যা নিয়ন্ত্রণ, পরিবেশ উন্নয়ন, পর্যটন ও কৃষির ওপর প্রতিবেদন প্রস্তুত ও প্রচার এবং মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ বিষয়ে বিশেষ প্রতিবেদন, রোহিঙ্গা ইস্যু সংক্রান্ত সংবাদ প্রতিবেদন প্রস্তুত ও প্রচার বিশেষভাবে উল্লেখযোগ্য।

বাংলাদেশ টেলিভিশনে প্রতিদিন নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী সংবাদ প্রচারিত হয়ে আসছে:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০১. | সকালের সংবাদ | সকাল ৮:০০ মিঃ | ০২. | The News | সকাল ১০:০০ মিঃ |
| ০৩. | মধ্যাহ্নের সংবাদ | দুপুর ১২:০০ মিঃ | ০৪. | দুপুর ২টার সংবাদ | বেলা ২:০০ মিঃ |
| ০৫. | The News | বিকাল ৪:০০ মিঃ | ০৬. | দেশ জনপদের খবর | সন্ধ্যা ৬ :০০ মিঃ |
| ০৭. | আটটার সংবাদ | রাত ৮:০০ মিঃ | ০৮. | The News | রাত ১০.০০টায় |
| ০৯. | রাতের সংবাদ | রাত ১১.৩০টায় | ১০. | রাতের সংবাদ | রাত ০১:০০ টায় |
| ১১. | রাতের সংবাদ | রাত ০২:০০ টায় | | | |

**(৪) প্রকৌশল শাখা**

বিটিভির সম্প্রচার কার্যক্রম পরিচালনায় প্রকৌশল শাখা গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে থাকে। এ শাখার কার্যাবলি নিম্নরূপ:

১) সম্প্রচার সংশ্লিষ্ট কারিগরি সকল কাজে মহাপরিচালককে সহায়তা প্রদান।

২) সকল যন্ত্র/যন্ত্রাংশ ও কারিগরি সরঞ্জাম সংগ্রহ, সম্প্রচার নেটওয়ার্ক সংস্থাপন, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

৩) ভৌত অবকাঠামো নির্মাণ, সংস্কার ও রক্ষণাবেক্ষণ সম্পর্কিত কাজের সমন্বয় ও বাস্তবায়ন।

৪) বিটিভির প্রোগ্রাম ও নিউজ ডিজিটালাইজেশনের কাজ, সম্প্রচারের জন্য বিভিন্ন সার্ভার স্থাপন ও ব্যবস্থাপনা, ডিজিটাল আর্কাইভসহ ডিজিটাল সম্প্রচার সংশ্লিষ্ট যন্ত্রপাতির অবকাঠামো সংস্থাপন, পরিচালন, রক্ষণাবেক্ষণ ।

৬) বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ, ডিপিপি প্রণয়ন এবং প্রকল্প বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও তদারকি।

৭) নিয়মিত কেন্দ্র/উপকেন্দ্র পরিদর্শন, কাজের তদারকিসহ কারিগরি বিষয়ে বিশ্বের অন্যান্য সম্প্রচার/কারিগরি সহযোগিতা প্রদানকারী সংস্থার সঙ্গে যোগাযোগ রাখা এবং কারিগরি সংশ্লিষ্ট প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন।

৮) বিটিসিএল, বিটিআরসি, বিদ্যুৎ বিভাগ, পিডিবি, পিডব্লিউডি, ওয়াসা, সিটি কর্পোরেশনসহ বিটিভি সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থার সার্ভিস গ্রহণে এ সব প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ বজায় রাখা।

**প্রকৌশল শাখার ইনোভেশন কার্যক্রম**

বাংলাদেশ টেলিভিশন ঢাকা ও চট্রগ্রাম কেন্দ্রসহ সকল কেন্দ্র/উপকেন্দ্রের ট্রান্সমিটার ও আর্থ স্টেশনের যন্ত্রপাতি পরিচালনার লগ ও মিটার রিডিং এর ডাটা অনলাইনে ক্লাউড স্টোরেজের একটি কমন একাউন্টে সরবরাহ করা হয়। যা অনলাইনে সরাসরি প্রধান কার্যালয়সহ যে কোন স্থান থেকে মনিটরিং করা যায়।

**উল্লেখযোগ্য অর্জনসমূহ**

১। টেরিস্ট্রিয়াল সম্প্রচার যুগোপযোগী করার জন্য বিটিভির ঠাকুরগাঁও, নাটোর, ঝিনাইদহ, ব্রাহ্মণবাড়ীয়া, উখিয়া, খুলনা ও সিলেট উপকেন্দ্রে Dual Cast টিভি ট্রান্সমিটার সংস্থাপন করা হয়েছে।

২। বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠান, সংবাদচিত্র, রিপোর্টিং ধারণ ও সম্পাদনা, সরাসরি সম্প্রচারের জন্য DV Cam camcorder, RF Camera, Non Linear Edit Suit ইত্যাদি সংগ্রহ করা হয়েছে।

৩। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে অবস্থিত বিটিভির স্টুডিও আধুনিকায়নের অংশ হিসেবে টেলিপ্রোম্পটার সংগ্রহ ও সংস্থাপন করা হয়েছে।

৪। বিটিভির অডিটরিয়ামে ৪-টি Full HD Camera বিশিষ্ট স্টুডিও যন্ত্রপাতি সংগ্রহ ও সংস্থাপনের মাধ্যমে অনুষ্ঠান নির্মাণ ও সম্প্রচার করা হচ্ছে।

৫। নোয়াখালী উপকেন্দ্রে ১টি দ্বিকক্ষ বিশিষ্ট রেস্টহাউজ নির্মাণ করা হয়েছে।

৬। বাংলাদেশ টেলিভিশনের চট্টগ্রাম কেন্দ্রসহ সকল উপকেন্দ্রের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য Security System সংস্থাপন করা হয়েছে।

৭। বাংলাদেশ টেলিভিশনের সদর দপ্তর ভবনে কর্মকর্তা কমচারীদের উপস্থিতি নিশ্চিত করার জন্য বায়োমেট্রিক হাজিরা পদ্ধতি চালু করা হয়েছে।

**(৫) বিজ্ঞাপন শাখা**

বিজ্ঞাপন শাখা বাংলাদেশ টেলিভিশনের একটি বাণিজ্যিক শাখা। এ শাখা বাংলাদেশ টেলিভিশনে বিজ্ঞাপন প্রচারের মাধ্যমে সরকারের জন্য রাজস্ব আয় করে। বিজ্ঞাপনদাতা সরাসরি অথবা তার পক্ষে বিটিভির তালিকাভুক্ত এজেন্সী নীতিমালা অনুসরণ করে তাদের পণ্য বা সেবার বিজ্ঞাপন বিটিভিতে প্রচার করে থাকে।



বিটিভির জনপ্রিয় অনুষ্ঠান ‘সু-প্রভাত বাংলাদেশ’ এর একটি অংশ

**এজেন্সি তালিকাভুক্তকরণ**

তথ্য মন্ত্রণালয়ের স্মারক নং-তম/৮(১)/৯০-টিভি/৫৮ তারিখ-১৭/০১/১৯৯১ইং সূত্রে প্রণীত এজেন্সী তালিকাভুক্তকরণ নীতিমালা অনুসরণ করে বিজ্ঞাপনী সংস্থাকে বিটিভিতে তালিকাভুক্ত করা হয়। এজেন্সী তালিকাভুক্তি ফি, নবায়ন ফি ও সংশ্লিষ্ট অন্যান্য ফি এর হার তথ্য মন্ত্রণালয়ের নং-১৫.৫৪.০০০০.০২৪. ০২.০১২.১১-২৪৮(৪) তাং-০৫ এপ্রিল ২০১৪ খ্রি: সূত্রে পুনর্নির্ধারণ করা হয় যা বিটিভির ওয়েবসাইট (www.btv.gov.bd) তে পাওয়া যাবে।

২০১৬-২০১৭ অর্থ বছরে ৫৮টি বিজ্ঞাপনী এজেন্সী তাদের তালিকাভুক্তি নবায়ন করে এবং ০২টি এজেন্সী নতুন করে তালিকাভুক্ত হয়।



শিশু-কিশোরদের নিয়ে ‘আমাদের কথা’ অনুষ্ঠানের একটি অংশ

**বিজ্ঞাপন প্রচার প্রক্রিয়া**

**পাণ্ডুলিপি অনুমোদন:**

প্রচারিতব্য বিজ্ঞাপনের পাণ্ডুলিপি সংশ্লিষ্ট কর্মকর্তার মাধ্যমে বিজ্ঞাপন পাণ্ডুলিপি কমিটির নিকট উপস্থাপন করতে হয়। বিজ্ঞাপন পাণ্ডুলিপি কমিটি “জাতীয় সম্প্রচার নীতিমালা-২০১৪” এর আলোকে পাণ্ডুলিপি পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় অনুমোদন/পরামর্শ প্রদান করেন। পাণ্ডুলিপি উপস্থাপনের পরবর্তী কার্যদিবসে তা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক অনুমোদন/পরামর্শ প্রদান করা হয়।

**বিজ্ঞাপন ক্যাসেট সেন্সর-**

অনুমোদিত পাণ্ডুলিপি অনুযায়ী নির্মিত বিজ্ঞাপনচিত্র ক্যাসেটে ধারণপূর্বক তা সংশ্লিষ্ট কর্মকর্তার মাধ্যমে 'বিজ্ঞাপন সেন্সর কমিটি'-তে উপস্থাপন করতে হয়। এ কমিটি বিজ্ঞাপন ক্যাসেট অবলোকন করে প্রচার উপযোগী হলে প্রয়োজনীয় অনুমোদন প্রদান করেন।

**বিজ্ঞাপন চুক্তিপত্র সম্পাদন**

বিজ্ঞাপন ক্যাসেট অনুমোদিত হলে উক্ত বিজ্ঞাপন বিটিভিতে প্রচারের জন্য সংশ্লিষ্ট বিজ্ঞাপনদাতা অথবা বিজ্ঞাপনদাতার পক্ষে বিটিভির তালিকাভুক্ত বিজ্ঞাপন এজেন্সীকে বিটিভির সাথে বিজ্ঞাপন সম্প্রচার চুক্তিপত্র সম্পাদন করতে হয়। ২০১৬-২০১৭ অর্থ বছরে মোট ২,০৮০/-টি চুক্তিপত্র সম্পাদন করে বাংলাদেশ টেলিভিশন =৩৫,৫২,৭৩,৪৬৫/৬৮ (পঁয়ত্রিশ কোটি বায়ান্ন লক্ষ তিহাত্তর হাজার চারশত পঁয়ষট্টি টাকা আটষট্টি পয়সা) টাকা রাজস্ব আয় করে।



'রমজানের ঔ রোজার শেষে এলো খুশির ঈদ' গানের একটি অংশ

**চুক্তিপত্রের মূল্য পরিশোধ**

চুক্তিপত্রের সমুদয় টাকা 'বাংলাদেশ টেলিভিশন'-এর অনুকূলে কোন শিডিউল ব্যাংকের পে-অর্ডার/ ডিডি-এর মাধ্যমে পরিশোধ করতে হয়। সরকার অনুমোদিত বিধি মোতাবেক যোগ্যতা অর্জনকারী এজেন্সীসমূহ 'বাংলাদেশ টেলিভিশন'-এর অনুকূলে শিডিউল ব্যাংকের চেকের মাধ্যমেও মূল্য পরিশোধ করতে পারে।

**বিজ্ঞাপন সম্প্রচার সনদপত্র**

বিজ্ঞাপন প্রচার বিষয়ে নিশ্চিত হওয়ার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তার মাধ্যমে পরিচালক (বিজ্ঞাপন)-এর নিকট আবেদন করে বিজ্ঞাপন সম্প্রচার সনদপত্র গ্রহণ করা যায়।

**অনলাইন যোগাযোগ**

অনলাইনে বিজ্ঞাপন পাণ্ডুলিপি, বুকিং প্রস্তাবসহ বিজ্ঞাপন প্রচার সংক্রান্ত চিঠিপত্র গ্রহণ করা হয়।
অনলাইন যোগাযোগের ঠিকানা: btvsales9th@gmail.com

**(৬) অর্থ ও হিসাব শাখা**

বিটিভির বার্ষিক বাজেট প্রণয়ন এবং আয়-ব্যয় সংক্রান্ত যাবতীয় কার্যাদি অর্থ ও হিসাব শাখা কর্তৃক সম্পাদন করা হয়ে থাকে। এ শাখার কাজগুলো নিম্নরূপ:

০১. বাজেট প্রাক্কলন প্রণয়ন, বরাদ্দ প্রাপ্ত বাজেট বিভিন্ন কার্যালয়ে বিভাজন, অর্থ ছাড়করণ ও মঞ্জুরি ও ব্যয় নিয়ন্ত্রণ।
০২. অভ্যন্তরীণ ও বহি: নিরীক্ষা কার্যক্রম পরিচালনা।
০৩. কর্মকর্তা/কর্মচারীদের যাবতীয় পাওনা পরিশোধ সংক্রান্ত কাজ ।
০৪. আর্থিক বিষয়ে মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার সাথে যোগাযোগ রক্ষা করা।
০৫. অনুন্নয়ন খাতে মালামাল আমদানির এল সি খোলা, বিল মূল্য পরিশোধ ও বীমা সংক্রান্ত কাজ ।
০৬. বিটিভিতে প্রচারিত দেশী/বিদেশী ছায়াছবি ও খেলাধুলার রয়েলটি এবং আন্তর্জাতিক সংস্থা প্রতিষ্ঠানের চাঁদা পরিশোধ সংক্রান্ত যাবতীয় কাজ।
০৭. মাসিক/বার্ষিক আয়-ব্যয়ের হিসাব প্রণয়ন, সংরক্ষণ ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ের সাথে হিসাব সঙ্গাতিসাধন সংক্রান্ত কাজ

**অডিট আপত্তি :** (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত) *(টাকার অঙ্ক কোটি টাকায় )*

| অডিট আপত্তি | | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|
| সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকা) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকা) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকা) |
| ৪৮ | ২৭.৭৪ | ৯ | ২৯ | ৫.৭৩ | ১৯ | ২২.০১ |

**আয়-ব্যয় সংক্রান্ত তথ্যাদি- (২০১৬-২০১৭ অর্থ বছরে) জুলাই/১৬ হতে জুন/১৭ মাসের আয় ও ব্যয়ের প্রতিবেদন**

**আয়:** (অংক সমূহ হাজার টাকায়)

| কোড নং<br>১-৩৩৫৩-০০০১ | হিসাবের বিবরণ | জুলাই/১৬ থেকে জুন/১৭ পর্যন্ত মোট আয় (হাজার টাকা) |
|---|---|---|
| ১৮৫৬ | টিভি লাইসেন্স ফি | ৭৭,১৩৬ |
| ২০২১ | বিজ্ঞাপন ফি | ৩,০৮,৭৩৪ |
| ২০৩১ | পরীক্ষা ফি | - |
| ২০৩৭ | সরকারি যানবাহন | ১৫৩ |
| ২০৭১ | অন্যান্য সেবা ও ফিস | ৩,৪৮৫ |
| ২৩৬৬ | টেন্ডার ও অন্যান্য দলিল পত্র | ৩০৮ |
| ২৬৭১ | অতিরিক্ত প্রদত্ত টাকা | ১,৮৯৪ |
| ২৬৮১ | বিবিধ রাজস্ব প্রাপ্তি | ১,৫৬,৮২৮ |
| | মোট কর ব্যতীত রাজস্ব আয় | ৫,৪৮,৫৩৮ |
| ৩১১ | ভ্যাট | ৬৬,৪৮৬ |
| ১১১ | উৎসে কর | ৯,০২৪ |
| | সর্বমোট | ৬,২৪,০৪৮ |

**ব্যয়:**

| কোড নং<br>১-৩৩৫৩-০০০১ | হিসাবের বিবরণ | জুলাই/১৬ থেকে জুন/১৭ পর্যন্ত মোট ব্যয় |
|---|---|---|
| ৪৫০১ | অফিসারদের বেতন | ১৫৮,৩৩৪ |
| ৪৬০১ | প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন | ১৯৫,৬১৮ |
| ৪৭০০ | ভাতাদি | ২৫৬,০৬৯ |
| ৪৮০০ | সরবরাহ ও সেবা | ১৮,৪৭,৮০৯ |
| ৪৯০০ | মেরামত ও সংরক্ষণ | ৪৬,৭৩৫ |
| ৬৮০০ | সম্পদ সংগ্রহ/ক্রয় | ২,৩৪,৭৩৮ |
| | মোট | ২৭,৩৯,৩০৩ |

গত ৫ বছরে বাংলাদেশ টেলিভিশনের আয়-ব্যয়ের বিবরণী নিম্নরূপ:

| অর্থ বছর | আয় (কর সহ) | ব্যয় (লক্ষ টাকা) |
|---|---|---|
| ২০১২-২০১৩ | ১০৮,২২,৩৩,০০০/- | ১৯৪,৫৩,৫৪,০০০/- |
| ২০১৩-২০১৪ | ৮৮,৩৮,৮৭,০০০/- | ১৭৩,৯৬,৪৫,০০০/- |
| ২০১৪-২০১৫ | ১১৭,৬২,৪৮,০০০/- | ১৯০,০১,১৭,০০০/- |
| ২০১৫-২০১৬ | ৮১,৪০,১৮,০০০/- | ২০৫,০৪,৫৩,০০০/- |
| ২০১৬–২০১৭ | ৬২,৪০,৪৮,০০০/- | ২৭৩,৯৩,০৩,০০০/- |

**(৭) লাইসেন্স অনুশাখা**

বাংলাদেশ টেলিভিশনের লাইসেন্স শাখা হতে টেলিভিশন প্রস্তুতকারক/আমদানীকারক, টেলিভিশন ক্রয়-বিক্রয়কারী, টেলিভিশন মেরামতকারী/টেলিভিশনের খুচরা যন্ত্রাংশ বিক্রেতা এবং হোটেল/মোটেল/রেস্তোরায় বাণিজ্যিক ভিত্তিতে ব্যবহৃত টেলিভিশন সেট এর বর্ষ-পঞ্জিকা অনুসারে বার্ষিক বাণিজ্যক টেলিভিশন লাইসেন্স ইস্যু/নবায়ন করা হয়ে থাকে। এছাড়া, কেবল টেলিভিশন নেটওয়ার্ক কার্যক্রম পরিচালনা সংক্রান্ত বিভিন্ন ক্যাটাগরি যথা: কেবল অপারেটর, ফিড অপারেটর, মাল্টিপল সিস্টেম অপারেটর (এমএসও) এবং ডিস্ট্রিবিউটর লাইসেন্স ইস্যু/নবায়ন সংক্রান্ত যাবতীয় সেবাসমূহের তথ্যাদি **বিটিভির ওয়েবসাইট (www.btv.gov.bd) তে পাওয়া যাবে।**

২০১৬-২০১৭ অর্থ বছরের আয়, ব্যয় অডিট আপত্তি

| লক্ষ্যমাত্রা (টাকা) | প্রকৃত আয় (টাকা) | ব্যয় | অডিট আপত্তি |
|---|---|---|---|
| ৭,৩২,০০,০০০/- | ৭,৭১,৩৫,৬৯১/- | সকল আয় রাষ্ট্রীয় কোষাগারে জমা হয়। | নেই |

উল্লেখযোগ্য অর্জন

লাইসেন্স শাখার সকল নথির ও যাবতীয় কার্যক্রম ই-নথিতে সম্পাদন করা হয়।

**(৮) প্রশাসন শাখা**

বিটিভির প্রশাসন শাখা কর্তৃক যে সকল কাজ সম্পাদন করা হয়ে থাকে তা নিম্নরূপ:

০১. জনবল নিয়োগ, বদলি, পদায়ন, প্রশিক্ষণ, কর্মচারীদের কল্যাণ, ছুটি, সকল প্রকার অগ্রিম, অবসর গ্রহণসহ এ সংক্রান্ত দায়িত্ব পালন;
০২. সংস্থার শাখাসমূহের কাজের সমন্বয় সাধন এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহের সঙ্গে যোগাযোগ রক্ষা;
০৩. সাংগঠনিক কাঠামো, নিয়োগবিধি, গ্রেডেশন তালিকা প্রভৃতি হালনাগাদে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
০৪. পদ সৃষ্টি, বিলুপ্তি/পুনর্বিন্যাস, পদনাম পরিবর্তন/পদোন্নয়ন ও এ সংক্রান্ত বিষয়ে ব্যবস্থা গ্রহণ
০৫. সরকার প্রণীত বিধি-বিধান ও নীতিমালার আলোকে পরিকলন্পনা গ্রহণ ও বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ;
০৬. নিয়োজিত জনবলের শৃঙ্খলাসহ যে কোন মামলার বিষয়ে দায়িত্ব পালন;
০৭. সার্বিক নিরাপত্তা বিধানসহ কেন্দ্র/উপকেন্দ্র স্থাপনা, যন্ত্রপাতি, সরঞ্জামসহ সামগ্রিক অবকাঠামো ও সম্পত্তি রক্ষণাবেক্ষণের দায়িত্ব

**জনবল সংক্রান্ত তথ্যাদি**

বিদ্যমান সাংগঠনিক কাঠামো অনুযায়ী বাংলাদেশ টেলিভিশনে গ্রেডভিত্তিক জনবলের তথ্যাদি (৩০শে জুন ২০১৭ পর্যন্ত) নিম্নরূপ:

**কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)**

| অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত অস্থায়ী পদ) |
|---|---|---|---|
| ১৭২৩ | ১৩০০ | ৪২৩ | ১২৯ |

**জনবলের গ্রেডভিত্তিক বর্তমান চিত্র**

| ক্রমিক নং | পদের শ্রেণি | অনুমোদিত পদ |
|---|---|---|
| (ক) | ৯ম ও তদূর্ধ্ব গ্রেড | ৩৭১ |
| (খ) | ১০ম গ্রেড | ১৫০ |
| (গ) | ১১-১৭তম গ্রেড | ৮১৯ |
| (ঘ) | ১৮-২০তম গ্রেড | ৩৮৩ |
| | সর্বমোট | ১৭২৩ |

### শাখাভিত্তিক কর্মরত ৯ম ও তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তার সংখ্যা

| ক্রমিক নং | শাখার নাম | কর্মরত কর্মকর্তার সংখ্যা | |
|---|---|---|---|
| | | স্থায়ী | অস্থায়ী |
| (ক) | অনুষ্ঠান | ৩৪ | ৭ |
| (খ) | বার্তা | ২৭ | ৩ |
| (গ) | শিল্প নির্দেশনা | ১২ | ১ |
| (ঘ) | প্রকৌশল | ৩৩ | ১৪ |
| (ঙ) | ক্যামেরা | ৩২ | ৪ |
| (চ) | প্রশাসন | ২১ | ৭ |
| (ছ) | বিজ্ঞাপন | ১২ | - |
| (জ) | অর্থ ও হিসাব | ০৭ | - |
| (ঝ) | লাইসেন্স | ৪ | ১ |
| | সর্বমোট= | ১৮২ | ৩৭ |

### শূন্য পদের বিবরণ

| ৯ম ও তদূর্ধ্ব গ্রেড | ১০ম গ্রেড | ১১-১৭তম গ্রেড | ১৮-২০তম গ্রেড |
|---|---|---|---|
| ১৫২ | ৪৫ | ১৭৯ | ৪৭ |

### নিয়োগ ও পদোন্নতি

নিয়োগ এবং পদোন্নতি একটি চলমান কার্যক্রম। ২০১৬-২০১৭ অর্থ বছরের বাংলাদেশ টেলিভিশনে পদোন্নতি ও সরাসরি কোটায় নতুন নিয়োগ সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

| পদোন্নতি | | | নতুন নিয়োগ | | |
|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট |
| ৩৩ জন | ৪৬ জন | ৭৯ জন | ০২ জন | ২২ জন | ২৪ জন |

### যানবাহন সংক্রান্ত তথ্যাদি

২০১৬-১০১৭ অর্থ বছরে ০২টি মাইক্রোবাস ও ০২টি মোটর সাইকেল ক্রয় হয়েছে।

**তথ্য মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিভিন্ন সময়ে বাংলাদেশ টেলিভিশনের নিয়ম-কানুন, আইন, অধ্যাদেশ, বিধিমালা, প্রবিধানমালা, প্রজ্ঞাপন, নির্দেশনা ও ম্যানুয়্যাল ইত্যাদি বিটিভির ওয়েবসাইট (www.btv.gov.bd)-এ পাওয়া যাবে।**

### বিভিন্ন মামলা সংক্রান্ত তথ্যাদি

| বিভাগীয় মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দণ্ড | মোট | |
| ১৩ | - | ১ | ৪ | ৫ | ৮ |

সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (পহেলা জুলাই ২০১৬ থেকে ৩০শে জুন ২০১৭ পর্যন্ত)

| সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রীট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| - | রীট মামলা-১৫টি | - | ১৫টি | ১টি |

## ২০১৬-২০১৭ অর্থ বছরের প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি

পেশাগত দক্ষতা বৃদ্ধি, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ নীতিমালা অনুযায়ী ২০১৬-২০১৭ অর্থবছরে বাংলাদেশ টেলিভিশনের প্রধান কার্যালয়, ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্র কর্তৃক বিভিন্ন ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন করা হয় যাতে মোট ৩৪১জন কর্মকর্তা/কর্মচারী অংশগ্রহণ করেন। একই অর্থ বছরে ১৬৬জন কর্মকর্তা/কর্মচারী অভ্যন্তরীণ বিভিন্ন প্রশিক্ষণে এবং ৮৭জন কর্মকর্তা বিভিন্ন বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনার/কনফারেন্স/ সভায় অংশগ্রহণ করেন। এছাড়াও ABU এর আয়োজনে বিটিভির বার্তা ও ক্যামেরা শাখার কর্মকর্তাদের অংশগ্রহণে বিটিভির সদর দপ্তরে একটি আন্তর্জাতিক ট্রেনিং অনুষ্ঠিত হয়।




বিটিভি ও ABU এর আয়োজনে TV Journalism এর ওপর অনুষ্ঠিত আন্তর্জাতিক প্রশিক্ষণ

২০১৬-২০১৭ অর্থবছরে বাংলাদেশ টেলিভিশনের অভ্যন্তরীণ ও বৈদেশিক প্রশিক্ষণ/কর্মশালায় অংশগ্রহণকারীর সংখ্যা নিম্নরূপ:

| প্রশিক্ষণের প্রকৃতি | প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|
| অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে) | ৪৮ | ১৬৬ জন |
| বৈদেশিক প্রশিক্ষণ/সভা/কনফারেন্স | ৪৮ | ৮৭ জন |
| ইন-হাউজ প্রশিক্ষণ | ১৫ | ৩৪১ জন |
| ই-ফাইল ম্যানেজমেন্ট শীর্ষক ইন-হাউজ প্রশিক্ষণ | ১০ | ১৬৬ জন |
| বিটিভি কর্তৃক ঢাকায় আয়োজিত আন্তর্জাতিক কনফারেন্স/কর্মশালা | ০২টি | ২৬৬ জন |



বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে অনুষ্ঠিত ইন-হাউজ প্রশিক্ষণের চিত্র

## তথ্য প্রযুক্তি অনুশাখা

বাংলাদেশ টেলিভিশনে ২০০৯ সালে তথ্য প্রযুক্তি শাখার কার্যক্রম শুরু হয়। বিটিভির আইটি সংশ্লিষ্ট কার্যক্রম যেমন: হার্ডওয়্যার ও সফটওয়্যার সম্পর্কিত সমাধান, আইটি সংশ্লিষ্ট মালামাল সংগ্রহ ও সরবরাহ, নেটওয়ার্ক ও ইন্টারনেট কার্যক্রম পরিচালনা ও ট্রাবলশূটিং, ওয়েবসাইট আপগ্রেড ও আপডেট (এফটিপি সার্ভার) পরিচালনা, অফিস অটোমেশন, সার্ভার রুম মেইনটেন্যান্স এবং কম্পিউটার ল্যাব পরিচালনা ও প্রশিক্ষণ প্রদান ইত্যাদি উক্ত শাখা থেকে সম্পন্ন করা হয়।

২০১৬-২০১৭ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যক্রম:

ক) ন্যাশনাল পোর্টাল ফেমওর্য়াকের আওতায় বিটিভির ওয়েবসাইট ডেভেলপ করা হয় এবং ওয়েবসাইট নিয়মিত আপডেট করার লক্ষ্যে ১৫ জন ইউজারকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

খ) বাংলাদেশ টেলিভিশন প্রধান কার্যালয়ের ই-নথির বাস্তবায়ন করা হয় এবং ১৪৬ জন কর্মকর্তা/ কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

গ) বাংলা ইউনিকোড নিকস ফন্ট ব্যবহারের লক্ষ্যে ৩০ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

**বিটিভি ওয়েবসাইট**

অবাধ তথ্য প্রবাহের যুগে ২০১০ সালে বিটিভি তার নিজস্ব ওয়েবসাইট (www.btv.gov.bd) চালুর মাধ্যমে তথ্য প্রযুক্তির মহাসড়কে সংযুক্ত হয়েছে। ওয়েবসাইট থেকে বিটিভি সম্পর্কিত সকল তথ্য ও অনুষ্ঠানসূচি জানা যাচ্ছে। বিটিভি ও বিটিভি ওয়ার্ল্ডের অনুষ্ঠান এই ওয়েবসাইটের মাধ্যমে সারাবিশ্বে দেখা যায়।

## ১৩. প্রকল্প সংক্রান্ত তথ্যাদি


**অনুষ্ঠান শাখার ২০১৬-২০১৭ অর্থ বছরের প্রকল্প সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:**

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ (লক্ষ্য/মেয়াদ) ইত্যাদি | ২০১৬-২০১৭ অর্থ বছরের লক্ষ্যমাত্রা | ২০১৬-২০১৭ অর্থ বছরের অর্জন |
|---|---|---|---|---|
| ০১. | এইচপিএনএসপি প্রকল্প (HPNSP) | বাংলাদেশ টেলিভিশনের 'এইচপিএনএসপি প্রকল্প থেকে জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিসহ জনগণের মধ্যে বিভিন্ন ধরণের সচেতনতামূলক বার্তা পৌছানোর লক্ষ্যে 'সুখী পরিবার' শিরোনামে অনুষ্ঠান নির্মাণ ও প্রচার করা হয়।<br>আর্থিক সংশ্লিষ্টতা:<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পরিকল্পনা অধিদপ্তরের আইইএম ইউনিটের মাধ্যমে অনুষ্ঠান নির্মাণসহ অন্যান্য ব্যয় নির্বাহের জন্য বাজেট বরাদ্দ প্রদান করে।<br>প্রকল্পের মেয়াদ:<br>০১/০৭/২০১৭ থেকে ৩০/০৬/২০২২ পর্যন্ত। | পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক ২৪৫ টি অনুষ্ঠান নির্মাণ ও প্রচার করা। | পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক ২৪৫ টি অনুষ্ঠান প্রচার করা হয়েছে। |
| ০২. | 'বাংলাদেশের মানব সম্পদ উন্নয়নে টেলিভিশন অনুষ্ঠান নির্মাণে মিডিয়ার সক্ষমতা বৃদ্ধি' (Capacity Building on Human Development Television Programmes in Bangladesh} শীর্ষক প্রকল্প | প্রকল্পের মূল উদ্দেশ্য:<br>১) মানব সম্পদ উন্নয়নমূলক অনুষ্ঠানের মাধ্যমে জনসাধারণের শিক্ষা ও জ্ঞানের উন্নয়ন সাধন।<br>২) মানব-সম্পদ উন্নয়নমূলক অনুষ্ঠান নির্মাণ ও প্রশিক্ষণের মাধ্যমে মিডিয়া স্টাফদের সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধি।<br>প্রকল্পের ধরণ:<br>কারিগরি সহায়তা প্রকল্প | ১) অনুষ্ঠান নির্মাণের লক্ষ্যমাত্রা ৬৮টি<br>২) প্রশিক্ষণ/ওয়ার্কশপ সংক্রান্ত লক্ষ্যমাত্রা-<br>প্রশিক্ষণ- ৬টি<br>ওয়ার্কশপ-৮টি<br>মোট= ১৪টি | ১) অনুষ্ঠান নির্মাণ হয়েছে- ৬৮টি।<br>২) প্রশিক্ষণ/ ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে:<br>প্রশিক্ষণ- ৬টি<br>ওয়ার্কশপ- ৮টি |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ (লক্ষ্য/মেয়াদ) ইত্যাদি | ২০১৬-২০১৭ অর্থ বছরের লক্ষ্যমাত্রা | ২০১৬-২০১৭ অর্থ বছরের অর্জন |
|---|---|---|---|---|
| ০৩. | শিশু ও নারী উন্নয়নে যোগাযোগ কার্যক্রম (৪র্থ পর্যায়) প্রকল্প | প্রকল্পের মূল উদ্দেশ্য:<br>শিশু ও নারীর স্বাস্থ্য ও আর্থ সামাজিক উন্নয়নে সচেতনতা সৃষ্টি। ইউনিসেফের সহযোগিতায় তথ্য মন্ত্রণালয়ের আওতাধীন এই প্রকল্প তথ্য মন্ত্রণালয়ের ৮টি সংস্থাসহ বাংলাদেশ টেলিভিশন বাস্তবায়ন করছে।<br>প্রকল্পের মেয়াদ:<br>৩০.০৬.২০১৭ তারিখে প্রকল্পের ৪র্থ পর্যায়ের মেয়াদ শেষ হয়। | অনুষ্ঠান নির্মাণের লক্ষ্যমাত্রা ২৪০টি | অনুষ্ঠান নির্মাণ ও প্রচার করা হয়েছে ২৪০টি |

**প্রকৌশল শাখার উন্নয়ন প্রকল্পসমূহ**

১। ‘বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের আধুনিকায়ন ও সম্প্রসারণ (সংশোধিত) শীর্ষক প্রকল্প’

| | | | |
|---|---|---|---|
| (ক) | উন্নয়ন প্রকল্প/ কাজের সারাংশ; | বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের বর্তমান অনুষ্ঠান সম্প্রচারকাল ১ঘন্টা ৪৫মিনিট থেকে বৃদ্ধি করে ৬ ঘন্টা করার লক্ষ্যে একটি পূর্ণাঙ্গ ডিজিটাল টিভিকেন্দ্র স্থাপনের লক্ষ্যে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। | |
| (খ) | প্রকল্প/কাজের সংক্ষিপ্ত বিবরণ; | চট্টগ্রাম কেন্দ্রের কার্যক্রম ১ ঘন্টা ৪৫ মিনিট এর পরিবর্তে ৬ ঘন্টা বৃদ্ধির জন্য যন্ত্রপাতি সংগ্রহ ও স্থাপন করা প্রয়োজন হয়ে পড়ে। গত ০৮/০৯/২০১০ তারিখে চট্টগ্রামে একটি পূর্ণাঙ্গ টিভি কেন্দ্র চালু করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির প্রেক্ষিতে বিটিভি কর্তৃক প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। উল্লেখ্য, মাননীয় প্রধানমন্ত্রী ৩১-১২-২০১৬ তারিখে চট্টগ্রাম কেন্দ্রের সম্প্রচারকাল ১ ঘন্টা ৪৫ মিনিট থেকে ৬ ঘন্টা বৃদ্ধিকরণের শুভ উদ্বোধন করেন। প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রমসমূহ: | |
| | | ১. | কেন্দ্রটির আধুনিকায়ন, সম্প্রসারণ ও পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন করা। |
| | | ২. | বিটিভি চট্টগ্রাম কেন্দ্রে স্বতন্ত্র একটি স্যাটেলাইট টিভিকেন্দ্র স্থাপনের মাধ্যমে বিশ্বের প্রায় ৫০টি দেশে অনুষ্ঠান সম্প্রচার করা। |
| | | ৩. | আধুনিক ডিজিটাল টিভি স্টুডিও যন্ত্রপাতি, ডিজিটাল ক্যামেরা, অডিও ও ভিডিও-মিক্সিং কনসোল, ভিটিআর, এনএলই, অডিওওয়ার্ক, লাইটিংকনসোল, গ্রাফিক্স ডিজাইন কম্পিউটার, স্যাটেলাইট যন্ত্রপাতি, আধুনিক শীতাতপ পদ্ধতি, সম্প্রচার টাওয়ার স্থাপন করা; |
| (গ) | আর্থিক সংশ্লিষ্টতা; | প্রকৃত বাস্তবায়ন কাল : জানুয়ারি, ২০১২ থেকে জুন, ২০১৬<br>প্রাক্কলিত ব্যয় : ৩৫৯২.০০ লক্ষ টাকা; প্রকৃত ব্যয় ৩০৯৯.১৯ লক্ষ টাকা। | |
| (ঘ) | জনকল্যাণে ভূমিকা; | চট্টগ্রামের ঐতিহ্য, সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান সম্প্রচারের পাশাপাশি শিক্ষা, স্বাস্থ্য, জন্মনিয়ন্ত্রণ, কৃষি, শিল্পখাতে উন্নয়ন, মহিলা ও শিশু উন্নয়ন, সাংস্কৃতিক চর্চা ও সংবাদ চিত্রসহ জাতীয় জীবনের সকল দিক তুলে ধরা। | |
| (ঙ) | প্রকল্প/কাজ সংশ্লিষ্ট আলোকচিত্র |   | |

২। ‘বাংলাদেশ টেলিভিশনের পাহাড়তলীস্থ চট্টগ্রাম কেন্দ্রে ট্রান্সমিটিং টাওয়ার, ভবন নির্মাণ ও ট্রান্সমিটিং যন্ত্রপাতি স্থাপন’ শীর্ষক প্রকল্প

| | | |
|---|---|---|
| (ক) | উন্নয়ন প্রকল্প/ কাজের সারাংশ; | বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের সম্প্রচার নিরবচ্ছিন্ন করার লক্ষ্যে পাহাড়তলীস্থ বিটিভির কম্পাউন্ডে ১৩৩.৫ মিটার উচ্চতাসম্পন্ন ট্রান্সমিটিং টাওয়ার, ৬ তলা ভিতের ওপর তিনতলা ট্রান্সমিটিং ভবন নির্মাণ এবং ট্রান্সমিটিং যন্ত্রপাতি সংস্থাপন করা। |
| (খ) | প্রকল্প/কাজের সংক্ষিপ্ত বিবরণ; | ১. স্থাপত্য অধিদপ্তর কর্তৃক ভবন ও টাওয়ার নির্মাণের লক্ষ্যে প্রকল্প এলাকার Digital Topography Survey Map/Site Map অনুযায়ী তিনতলা বিশিষ্ট ট্রান্সমিটিং ভবন নির্মাণ কাজ চলছে। ইতোমধ্যে তিনতলা ট্রান্সমিটিং ভবনের ৩য় তলার ছাদ ঢালাই দেওয়া হয়েছে।<br>২. বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের টাওয়ারের উচ্চতা বিষয়ক ছাড়পত্র ও Project Steering Committee (PSC) ’র অনুমোদন অনুযায়ী ১৩৩.৫ মিটার টাওয়ার সংগ্রহের লক্ষ্যে আন্তর্জাতিক দরপত্র আহবান করা হয়েছে। |
| (গ) | আর্থিক সংশ্লিষ্টতা; | প্রকৃত বাস্তবায়ন কাল : জানুয়ারি, ২০১৬ থেকে জুন, ২০১৯<br>প্রাক্কলিত ব্যয় : ২৩৯৯.০০ লক্ষ টাকা। |
| (চ) | প্রকল্প/কাজ সংশ্লিষ্ট আলোকচিত্র |  |
| (ছ) | অগ্রগতি | প্রকল্পটি বাস্তবায়নাধীন। |

<u>উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য</u>

| মোট প্রকল্পের সংখ্যা ও নতুন প্রকল্পের সংখ্যা | এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়) | বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|---|
| মোট প্রকল্প:-২টি | ৩০.৮০ টাকা | ৩০.০২<br>৯৭.৫০% | ১১টি |

## ১৪. আন্তর্জাতিক বিভিন্ন সংস্থাসমূহের সাথে সম্পর্ক

বাংলাদেশ টেলিভিশন এশিয়া প্যাসিফিকসহ ইউরোপীয় অঞ্চলের বিভিন্ন ব্রডকাস্টার ও সম্প্রচার সংস্থার সঙ্গে দ্বি-পাক্ষিক ও আঞ্চলিক সম্পর্ক বজায় রাখছে। আন্তর্জাতিক সম্পর্ক শাখা থেকে বহি:বিশ্বের বিভিন্ন সংস্থার সঙ্গে পারস্পারিক সহযোগিতা সংশ্লিষ্ট যোগাযোগ সম্পন্ন করা হয়। বাংলাদেশ টেলিভিশন নিম্নবর্ণিত আন্তর্জাতিক সংস্থা/প্রতিষ্ঠানসমূহের সদস্য:

| ক্র: নং | আন্তর্জাতিক সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ০১. | Asia Pacific Broadcasting Union (ABU), Malaysia. | বাংলাদেশ টেলিভিশন ABU এর প্রতিষ্ঠালগ্ন থেকে সক্রিয় সদস্য। সদস্য হিসেবে ABU এর মাধ্যমে আন্তর্জাতিক সংবাদ ও সংবাদচিত্র আদান প্রদান, বিভিন্ন খেলাধুলার সম্প্রচার রাইটসসহ নানাবিধ সুযোগ সুবিধা পেয়ে থাকে। এছাড়াও বিটিভির মানবসম্পদ উন্নয়নে প্রশিক্ষণ সহায়তা প্রদানসহ ABU আয়োজিত বিভিন্ন বৈদেশিক প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ও সভায় অংশগ্রহণের জন্য আংশিক বা পূর্ণ ফেলোশিপ প্রদান করে থাকে। জুলাই ২০১৬ থেকে জুন-২০১৭ পর্যন্ত বিটিভির মোট ১৮ জন কর্মকর্তা ABU আয়োজিত বিভিন্ন আন্তর্জাতিক প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ও সভায় অংশগ্রহণ করেছেন। বাংলাদেশ টেলিভিশন ABU এর Administrative Council এর নির্বাচিত সদস্য। |
| ০২. | Asia Pacific Institute for Broadcasting Development (AIBD), Malaysia. | বাংলাদেশ টেলিভিশন AIBD এর প্রতিষ্ঠালগ্ন থেকে সক্রিয় সদস্য। বাংলাদেশ টেলিভিশনের কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে AIBD আয়োজিত বিভিন্ন আন্তর্জাতিক প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ও সভাতে বিটিভিকে আমন্ত্রণপূর্বক আংশিক বা পূর্ণ ফেলোশিপ প্রদান করে থাকে। জুলাই ২০১৬ থেকে জুন- ২০১৭ পর্যন্ত বিটিভির মোট ১১ জন প্রশিক্ষণার্থী AIBD আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ও সভাতে অংশগ্রহণ করেছেন। |
| ০৩. | Public Media Alliance (PMA), London, UK. | PMA এর সদস্য হিসেবে কমনওয়েলথভুক্ত দেশসমূহের সম্প্রচার প্রতিষ্ঠানের সঙ্গে পারস্পারিক যোগাযোগ সুবিধাসহ পেশাগত, কারিগরি ও প্রশিক্ষণ সহায়তা পেয়ে থাকে। এছাড়া প্রতিবছর PMA প্রদত্ত Travel Bursaries ও অনলাইন প্রশিক্ষণে বিটিভি অংশগ্রহণের সুযোগ পেয়ে থাকে। ২০১৬-১৭ অর্থ বছরে বিটিভির একজন কর্মকর্তা PMA Travel Bursary Award লাভ করেন। |
| ০৪. | European Broadcasting Union (EBU), Switzerland. | বাংলাদেশ টেলিভিশন EBU এর সক্রিয় সদস্য। EBU এর মাধ্যমে ইউরোপীয় দেশসমূহে অনুষ্ঠিত গুরুত্বপূর্ণ ইভেন্ট, ভিভিআইপির সংবাদ স্যাটেলাইটে সম্প্রচারের বিষয়ে EBU বিটিভিকে সহায়তা করে থাকে। |

### বিভিন্ন দেশ/আন্তর্জাতিক সংস্থা/প্রতিষ্ঠানের সাথে চুক্তি/ সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষর

২০১৬-২০১৭ অর্থ বছরের মধ্যে চীনের Yunnan Radio and Television Station (YRTV) এর Yunnan International Channel (YNIC) এবং Bangladesh Television এর মধ্যে পারস্পারিক সহযোগিতার বিষয়ে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

### আন্তর্জাতিক খেলা সম্প্রচার

ভারতের Star Tv’র মাধ্যমে Rio Olympic Games Brazil-2016 বিটিভিতে সম্প্রচার করা হয়।

**ABU Media Summit on Climate Change & Disaster Risk Reduction -2017 ঢাকায় আয়োজন-**

এশিয়া প্যাসিফিক ব্রডকাস্টিং ইউনিয়ন (ABU) মালয়েশিয়া-এর উদ্যোগে এবং বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারের যৌথ আয়োজনে গত ১০-১২ই মে ২০১৭ তারিখ পর্যন্ত ঢাকায় তিনদিনব্যাপী 3rd ABU Media Summit on Climate Change & Disaster Risk Reduction-2017 সফলভাবে সম্পন্ন করা হয়। পরিবেশ বিপর্যয়, দুর্যোগের ঝুঁকি ও ক্ষয়ক্ষতি হ্রাস, দুর্যোগ মোকাবলা দুর্যোগ-ঝুঁকি হ্রাসে সম্প্রচার মাধ্যমের যথাযথ ব্যবহার এবং পূর্ব প্রস্তুতির বিষয়ে জনসচেতনতা তৈরির উদ্ভাবনী প্রয়াস ছিল সামিটের মূল লক্ষ্য। উক্ত সামিটে ২৫০ জন দেশি ও বিদেশি সম্প্রচার সংশ্লিষ্ট ব্যক্তি, গণমাধ্যমকর্মী অংশগ্রহণ করেন। Dhaka Declaration গৃহীত হওয়ার মধ্য দিয়ে বর্ণিত সামিটের সমাপ্তি ঘোষণা করা হয়।




**ABU Media Summit on CCDRR এর উদ্বোধনী অনুষ্ঠান**



**ABU Media Summit on CCDRR এর নৌবিহারে সংগীতানুষ্ঠান**

## ১৫. বাংলাদেশ টেলিভিশনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

বাংলাদেশ টেলিভিশন ও তথ্য মন্ত্রণালয়ের মধ্যে স্বাক্ষরিত ২০১৬-১৭ অর্থ বছরের APA-র বার্ষিক বাস্তবায়ন অগ্রগতি কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ:

| কৌশলগত উদ্দেশ্যেসমূহ: **(Strategic Objectives)** | কৌশলগত উদ্দেশ্যের মান **(Weight of Strategic Objectives)** | কার্যক্রম **(Activities)** | কর্মসম্পাদন সূচকের মান **(Weight of Performance Indicators)** | লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০১৬-১৭ **(Target/Criteria Value for FY 2016-17)** |
|---|---|---|---|---|
| ১. তথ্য অধিকার আইন বাস্তবায়নে ব্যাপক জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ | ৯ | [১.১] তথ্য অধিকার বিষয়ক অনুষ্ঠান প্রচার | ৯ | ২৫ |
| ২. পর্যটন,বিনোদনমূলক ও খেলাধুলা বিষয়ক অনুষ্ঠান নির্মাণ এবং প্রচার | ৩০ | [২.১] বিনোদনমূলক (নাটক, সঙ্গীত ও ম্যাগাজিন ) | ১৪ | ১২০০ |
| | | [২.২] খেলাধুলা বিষয়ক | ৯ | ১৫১ |
| | | [২.৩] পর্যটন বিষয়ক অনুষ্ঠান | ৭ | ২৮ |
| ৩. শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, নারী ও শিশু অধিকার, দারিদ্র্য বিমোচন,জনসংখ্যা নিয়ন্ত্রণ, প্রকৃতি ও পরিবেশ সংরক্ষণ, কৃষি উন্নয়নসহ সরকারের উন্নয়ন কার্যক্রম কর্মসূচি ইত্যাদি বিষয়ের ওপর চলচ্চিত্র, অনুষ্ঠান নির্মাণ এবং প্রচার | ৪১ | [৩.১] উন্নয়ন ও জনসচেতনতা | ৮ | ৮৭০ |
| | | [৩.২] মহিলা বিষয়ক অনুষ্ঠান | ৫ | ৪৫ |
| | | [৩.৩] শিশু কিশোর বিষয়ক অনুষ্ঠান | ৫ | ১২৬ |
| | | [৩.৪] কৃষি, বিষয়ক অনুষ্ঠান | ৬ | ১২০ |
| | | [৩.৫] শিক্ষামূলক অনুষ্ঠান | ৫ | ১৭০ |
| | | [৩.৬] স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার কল্যাণ | ৪ | ১৮০ |
| | | [৩.৭] প্রকৃতি ও পরিবেশ বিষয়ক অনুষ্ঠান | ৩ | ৫০ |
| | | [৩.৮] বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক অনুষ্ঠান | ৫ | ১০২ |
| | ৮০ | | ৮০ | ৩০৬৭ |

## ২০১৬-১৭ অর্থ বছরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

(মোট মান-২০)

| কলাম-১ | কলাম-৩ | কলাম-৫ | কলাম-৬ | কলাম-৭ |
|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচকের মান (weight of PI) | **লক্ষ্যমাত্রা ২০১৬-১৭** | জুলাই ২০১৬- জুন ২০১৭ পর্যন্ত ১২ মাসের অগ্রগতি |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ২০১৬-২০১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | ১ | ১৯শে মে | ২৮শে এপ্রিল ২০১৬ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ১৯শে জুন ২০১৬ তারিখে চুক্তি স্বাক্ষর হয়েছে। |
| | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | ১ | ২৬-৩০শে জুন | ২৯শে জুন ২০১৬ তারিখে বিটিভি ঢাকা কেন্দ্র এবং চট্টগ্রাম কেন্দ্রের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়। |
| | ২০১৫-২০১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | ১ | ১৪ই জুলাই | ১৭ই জুলাই ২০১৬ তারিখে ২০১৫-১৬ অর্থ বছরের মূল্যায়ন প্রতিবেদন দাখিল করা হয়েছে। |
| | ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ১ | ৪ | ৪ |
| | ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | ১ | ২২শে জানুয়ারি | ০৫.০১.২০১৭ তারিখের ৬৮ সংখ্যক পত্রে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। |
| | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | ১ | ৩ | ৩ জন |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | ১ | ৬০ | সেপ্টেম্বর/২০১৬ মাসে ৩০ জন কর্মচারীকে ৫ দিনব্যাপী ৩ ঘন্টা করে (৪৫০ জনঘন্টা), অক্টোবর/২০১৬ মাসে ৩০জন কর্মকর্তাকে (৬৩০ জনঘন্টা), নভেম্বর/২০১৬ মাসে ৩০ জন কর্মচারীকে (৪৫০ জনঘন্টা) এবং ডিসেম্বর মাসে ৭১জনকে (২৩৪৩ জনঘন্টা) এছাড়া, জানুয়ারি-ফেব্রুয়ারি পর্যন্ত ইউনিকোডের ব্যবহার এবং ই-ফাইলিং বিষয়ে ১৪৫ জন কর্মকর্তা/ কর্মচারীকে (১৭৪০ জনঘন্টা), মার্চ মাসে ১১জন কর্মচারীকে (৮৮ জনঘন্টা) ই-ফাইলিং প্রশিক্ষণ এবং নতুন নিয়োগপ্রাপ্ত ২২জন কর্মচারীকে (১৯৮ জনঘন্টা), জুন/২০১৭ মাসে ৪০ জন কর্মচারীকে ২ ধাপে (১৪০ জনঘন্টা) সর্বমোট ৬০৩৯ জনঘন্টা ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ১ | ১৫ই জুলাই | ১৩ই জুলাই ২০১৬ তারিখে প্রেরণ করা হয়েছে। |
| | | ১ | ৪ | ৪ |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | ১ | প্রতিমাসে ১ম সপ্তাহ | প্রতি সপ্তাহের রবিবার ওয়েবসাইট হালনাগাদ করা হচ্ছে। |
| | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | ১ | ১৫ই অক্টোবর | ২৮শে সেপ্টেম্বর ২০১৬ তারিখে বিটিভির ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | ১ | ২৮শে ফেব্রুয়ারি | ১৫ই ফেব্রুয়ারি ২০১৭ থেকে ই-ফাইল কার্যক্রম চালু করা হয়েছে। অধিকন্তু ২২.০২.২০১৭ তারিখ থেকে live সার্ভারে নথি কার্যক্রম সম্পাদন করা হচ্ছে। ই-ফাইল নথি নিষ্পত্তির হার সন্তোষজনক। |
| | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | ১ | ১০০ | ২য় শ্রেণির কর্মকর্তা ও ৩য়, ৪র্থ শ্রেণির কর্মচারীদের পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র নির্ধারিত সময়ের ১৫ দিন পূর্বেই জারি করা হয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | ১ | ৩১শে ডিসেম্বর | ২০শে অক্টোবর ২০১৬ তারিখে বিটিভির শিল্পী তালিকাভুক্তির আবেদন ফরম, প্রতিদিনের অনুষ্ঠান সূচি এবং হালনাগাদ নোটিশ বোর্ড ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। |
| | | ১ | ৩১শে ডিসেম্বর | সেবা সহজীকরণের আওতায় ইলেকট্রনিক গেট পাশ এবং অনলাইন আর্টিস্ট পেমেন্ট চালুর বিষয়ে PEC সদস্য কর্তৃক চূড়ান্ত আর্থিক মূল্যায়নের কাজ চলছে। অচিরেই ভেন্ডার প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরিত হবে। এছাড়া, ২৫শে সেপ্টেম্বর ২০১৬ তারিখ থেকে প্রধান কার্যালয় ও ঢাকা কেন্দ্রে বায়োমেট্রিক হাজিরা চালু করা হয়েছে। |
| | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | ১ | ৯০ | কোন অভিযোগ পাওয়া না যাওয়ায় শূন্য প্রতিবেদন প্রেরণ করা হয়। |
| কর্ম পরিবেশ উন্নয়ন | অফিস ভবন ও আঙিনা পরিচ্ছন্নতা রাখা | ১ | ৩০শে নভেম্বর | নিয়মিতভাবে প্রতিমাসে অফিসভবন ও আঙিনা পরিস্কার করা হয় এবং একটি কমিটির মাধ্যমে তদারক করা হয়। |
| | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (Waiting room) এর ব্যবস্থা করা | ১ | ৩০শে নভেম্বর | বিভিটিতে জুলাই ২০১৬ মাস সেবা প্রত্যাশী/ দর্শানার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালু করা হয়েছে। |
| | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | ১ | ৩০শে নভেম্বর | বিটিভি প্রধান কার্যালয় এবং ঢাকা কেন্দ্রে সেপ্টেম্বর ২০১৬ থেকে সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত চালুর লক্ষ্যে অনুষ্ঠান, লাইসেন্স এবং বিজ্ঞাপন শাখায় মতামত পরিবীক্ষণের জন্য মতামত বক্স স্থাপন করা হয়েছে। তাছাড়া, ২০.১০.২০১৬ তারিখে ওয়েবসাইটেও মতামতের জন্য ফরম ছাড়া হয়েছে। |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ১ | ৫০ | ৬০.৪২% |
| | | ২০ | | |

## তথ্য মন্ত্রণালয় ও মন্ত্রিপরিষদ বিভাগের মধ্যে স্বাক্ষরিত বাংলাদেশ টেলিভিশন অংশের ২০১৬-১৭ অর্থ বছরের APA-র বার্ষিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন

| মন্ত্রণালয়ের ক্রমিক নং- | APA ক্রমিক নম্বর | কর্মসম্পাদন সূচক | ২০১৬-১৭ সালের ১০০% লক্ষ্যমাত্রা | **(জুলাই ২০১৬ - জুন ২০১৭)** | | নম্বর | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | অগ্রগতি | % | পরিকল্পিত | অর্জিত |
| ১ | ২ | ৩ | ৫ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ০৮. | ১.৫.১ | সম্প্রচারিত বেতার ও টিভি অনুষ্ঠান | ২৫ | ২৫ | ১০০% | ৩.০০ | ৩.০০ |
| ১৪. | ১.১১.১ | কৃষি,শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক অনুষ্ঠান | শিক্ষা-১৭০ | শিক্ষা-১৭৭ | ১০৪.১১% | ২.০০ | ২.০০ |
| | | | স্বাস্থ্য-১৮০ | স্বাস্থ্য-১৮৮ | ১০৪.৪৪% | | |
| | | | কৃষি-১২০ | কৃষি-১২৩ | ১০২.৫০% | | |
| ১৫. | ১.১১.২ | সম্প্রচারিত বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক অনুষ্ঠান | ১০২ | ১০৫ | ১০২.৯৪% | ২.০০ | ২.০০ |
| ১৬. | ১.১১.৩ | সম্প্রচারিত মহিলা ও শিশু বিষয়ক অনুষ্ঠান | মহিলা-৪৫ | মহিলা-৪৮ | ১০৬.৬৬% | ২.০০ | ২.০০ |
| | | | শিশু-১২৬ | শিশু-১২৬ | ১০০% | | |
| ৪১. | ৩.৩.১ | সম্প্রচারিত সঙ্গীত/নাটক | ১২০০ | ১২০৮ | ১০০.৬৬% | ১.৫০ | ১.৫০ |

## ১৬. উদ্ভাবনী উদ্যোগসমূহ (ইনোভেশন)

বাংলাদেশ টেলিভিশন গৃহীত ২০১৬-২০১৭ অর্থ বছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা ও এর অগ্রগতি নিম্নরূপ:

| ক্র: নং | কর্মপরিকল্পনাসমূহ | অগ্রগতি |
|---|---|---|
| ০১. | পাঁচ মাধ্যমে (বিটিভি, বিটিভি ওয়ার্ল্ড, ফেসবুক, ইউটিউব ও টুইটার) বিটিভির অনুষ্ঠান প্রচার। | বিটিভির সুপ্রভাত বাংলাদেশ টেলিভিশন অনুষ্ঠানটি সরাসরি পাঁচ মাধ্যমে (বিটিভি, বিটিভি ওয়ার্ল্ড, ফেসবুক, ইউটিউব ও টুইটার) প্রচার করা হচ্ছে। |
| ০২. | বিজ্ঞাপন সম্পাদন কাজ লিনিয়ার থেকে নন-লিনিয়ার পদ্ধতিতে সম্পাদন। | বিজ্ঞাপন সম্পাদন কাজ লিনিয়ার থেকে নন-লিনিয়ার পদ্ধতিতে সম্পাদনের নিমিত্ত ঢাকা কেন্দ্রে পৃথক প্যানেল স্থাপন করা হয়েছে। |
| ০৩. | উদ্ভাবনী উদ্যোগসমূহ সীমিত পর্যায়ে চালুকরণ ও স্থায়ীভাবে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ। | উদ্ভাবনী উদ্যোগ যাচাই-বাছাইপূর্বক ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র এবং প্রধান কার্যালয়ে ডিজিটাল হাজিরা চালু করা হয়েছে। |


## ১৭. ২০১৬-২০১৭ অর্থ বছরের উল্লেখযোগ্য অন্যান্য কার্যক্রম:

### ১) টেলিভিশন মিউজিয়াম প্রতিষ্ঠা

টেলিভিশন সম্প্রচারের ইতিহাস এবং ঐতিহ্য, সাংস্কৃতিক ও প্রযুক্তিগত বিবর্তন তুলে ধরার জন্য বিটিভির সদর দপ্তর ভবনে পহেলা ডিসেম্বর ২০১৬ তারিখে স্থাপন করা হয়েছে টেলিভিশন জাদুঘর। এ জাদুঘর দর্শকদের বিটিভির ইতিহাস, সূচনালগ্ন থেকে সাম্প্রতিক প্রযুক্তিগত বিবর্তন, অনুষ্ঠানমালা, বিভিন্ন সময়ে বিটিভির ঐতিহাসিক ভূমিকা ও স্মরণীয় ঘটনাবলী জানার সুযোগ সৃষ্টি করেছে।




বিটিভি মিউজিয়াম এর বাহিরের অং



বিটিভি মিউজিয়াম এর ভিতরের অংশ

### ২) প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন

বিটিভির কর্মকর্তা/কর্মচারীদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য সদর দপ্তর ভবনে আধুনিক সুবিধা সম্বলিত ও আন্তর্জাতিক মানসম্পন্ন একটি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে। প্রশিক্ষণ কেন্দ্রে নিয়মিতভাবে বিটিভির কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বিভিন্ন প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকে।

### ৩) কম্পিউটার ল্যাব

আইটি ও ই-নথি কার্যক্রমে বিটিভির কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সদর দপ্তর ভবনে আধুনিক সুবিধা সম্বলিত একটি কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। কম্পিউটার ল্যাবে নিয়মিতভাবে বিটিভির কর্মকর্তা/ কর্মচারীদের অংশগ্রহণে আইটি ও ই-নথি সংশ্লিষ্ট বিভিন্ন প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকে।

**৪) সদর দপ্তর লাইব্রেরি**

সদর দপ্তর ভবনে মিডিয়া সংশ্লিষ্ট দেশি ও আন্তর্জাতিক পুস্তকসমৃদ্ধ একটি লাইব্রেরি স্থাপন করা হয়েছে।

**৫) শুটিং করিডোর**

সদর দপ্তর ভবনে বিভিন্ন অনুষ্ঠানের বহি:দৃশ্য ধারণের সুবিধা সম্বলিত একটি শুটিং স্পট তৈরি করা হয়েছে। যাতে নিয়মিতভাবে নাটকসহ বিভিন্ন অনুষ্ঠানের ছোট ছোট বহিরাঙ্গন ধারণ কাজ সম্পন্ন করা হচ্ছে।

**৬) সোশ্যাল মিডিয়া উইং**

যান্ত্রিক সভ্যতার অভিঘাতে এবং প্রযুক্তির পরম উৎকর্ষে মানুষের জীবনাচরণ প্রতিনিয়ত পরিবর্তন হচ্ছে। দিন দিন মানুষ টেলিভিশন মিডিয়া থেকে সোশ্যাল মিডিয়ার দিকে ঝুঁকে পড়ছে। দর্শকদের এই প্রবণতাকে প্রাধান্য দিয়ে বাংলাদেশ ইতোমধ্যে সোশ্যাল মিডিয়া উইং খুলেছে। বর্তমানে প্রচারিত জনপ্রিয় অনুষ্ঠানগুলো ছাড়াও বাংলাদেশ টেলিভিশনের আর্কাইভ থেকে জনপ্রিয় অনুষ্ঠানগুলো সোশ্যাল মিডিয়ায় প্রচার করা হচ্ছে।

## ১৮. তথ্য অধিকার সংক্রান্ত তথ্যাদি

**নাগরিকদের তথ্য অধিকার নিশ্চিত করার জন্য প্রদত্ত সুবিধাদির বিবরণ**

বাংলাদেশ টেলিভিশনের ওয়েব সাইট **www.btv.gov.bd** -এ প্রতিদিন দৈনন্দিন অনুষ্ঠানসূচী, টিভি গাইড, বিভিন্ন টেন্ডার, নিয়োগ বিজ্ঞপ্তি, নিয়োগের ফল প্রকাশ ইত্যাদির কার্যক্রম নিয়মিতভাবে প্রকাশ করা হচেছ। তাছাড়া, বিভিন্ন অডিশন সম্পর্কিত তথ্য ও বিভিন্ন জনগুরুত্বপূর্ণ বিষয়সমূহ বিটিভি'র নোটিশ বোর্ডে প্রকাশ করা হয়ে থাকে। এছাড়া, বিটিভি সম্পর্কিত বিভিন্ন জনগুরুত্বপূর্ণ বিষয়াদিসমূহ যেমন-লাইসেন্স, অডিশন ও নিয়োগ পরীক্ষাসহ অন্যান্য তথ্যসমূহ বিভিন্ন সময়ে জনগণের জ্ঞাতার্থে বিটিভিতে টেলপ আকারে অথবা সংবাদের মাধ্যমে প্রচার করা হয়ে থাকে।

**তথ্য অধিকার আইন ২০০৯ এর আলোকে গৃহীত কার্যক্রম**

তথ্য অধিকার আইন মোতাবেক বাংলাদেশ টেলিভিশন থেকে চাহিত তথ্য প্রদান করা হয়। তথ্য প্রদানকারী কর্মকর্তা এবং আপীল কর্তৃপক্ষের নাম সম্বলিত পুস্তিকা ও বাংলাদেশ টেলিভিশনের তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা প্রণয়ন করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়। ২০১৬-২০১৭ অর্থ বছরে বাংলাদেশ টেলিভিশন থেকে ২টি আবেদনের বিপরীতে তথ্য প্রদান করা হয়।

## বিটিভির তথ্য প্রদান ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী ও ঠিকানা নিম্নরূপ

| ক্র: নং | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী | ইউনিটের নাম | ফোন (অফিস)/ই-মেইল নম্বর |
|---|---|---|---|
| ১. | জনাব মো: হেলাল কবির - মুখ্য<br>উপ-পরিচালক (প্রশাসন) | প্রধান কার্যালয় | ৪৯৩৫৭৬১৭<br>helalbtv@gmail.com |
| ২. | আফিফা আফরোজ - বিকল্প<br>সহকারী পরিচালক (প্রশাসন) | | ইন্টারকম- ২৫৩০<br>০১৭১০১১৮৫১২<br>afifa_afroz@yahoo.com |
| ৩. | জনাব মো: রুহুল আমিন - মুখ্য<br>উপ-পরিচালক (প্রশাসন) | ঢাকা কেন্দ্র | ০১৯৪২১২৯৬২২ |
| ৪. | জনাব মো: শফিউল ইসলাম - বিকল্প<br>সহকারী পরিচালক (প্রশাসন) | | ০১৭১৬৩৯৮৭৮৭<br>md.shafiul_luck@yahoo.com |
| ৫. | সহকারী পরিচালক (প্রশাসন) - মুখ্য | চট্রগ্রাম কেন্দ্র | ০১৭৫৪৫০১৬৭৬<br>০৩১-৬৫৯১৩৮<br>ctgadbtv96@gmail.com |
| ৬. | জনাব মো: মির্জা মঞ্জুরুল করিম - বিকল্প<br>সহকারী পরিচালক (অর্থ) | | ০১৭২৩৪৫৪৮২৭<br>mirzamanzu@gmail.com |
| ৫. | জনাব হুমায়ন কবীর<br>উপ-সহকারী প্রকৌশলী ও উপকেন্দ্র প্রধান | রংপুর উপকেন্দ্র | ০৫২১-৬২১৯৪, ০৫২১-৬৫৫৭৭<br>btvrangpur1978@yahoo.com |
| ৬. | জনাব মো: ওয়ালীউল ইসলাম<br>রক্ষণ প্রকৌশলী (চ:দা:) ও উপকেন্দ্র প্রধান | উখিয়া উপকেন্দ্র | ০১৮১৮-৪৫০৪৭১<br>btvukhia2006@gmail.com |
| ৭. | জনাব আলিম উদ্দিন<br>টিভি প্রকৌশলী (চ:দা:) ও উপকেন্দ্র প্রধান | ময়মনসিংহ উপকেন্দ্র | ০৯১-৬৬৮৭৫<br>০১৯১১৩৯২৩১১<br>alimuddin3232@gmail.com |
| ৮. | জনাব মো: মকবুল হোসেন<br>টেলিভিশন প্রকৌশলী (গ্রেড-২) ও উপকেন্দ্র প্রধান | সিলেট উপকেন্দ্র | ০৮২১-৭১৪৬৬৬<br>০৮২১-৭১৩৮০০<br>btvsylet@gmail.com |
| ৯. | বেগম শাহীনা আক্তার<br>উপ-সহকারী প্রকৌশলী | খুলনা উপকেন্দ্র | ০৪১-৭৬১৩৮৭<br>btvKhulna@yahoo.com |
| ১০. | জনাব নাসিমুল হক<br>উপ-সহকারী প্রকৌশলী ও উপকেন্দ্র প্রধান | রাঙামাটি উপকেন্দ্র | ০৩৫১-৬১০০১<br>০৪৪১-৬২৭০১ |
| ১১. | জনাব অজয় কুমার তালুকদার<br>টেলিভিশন প্রকৌশলী (গ্রেড-২) ও উপকেন্দ্র প্রধান | নোয়াখালী উপকেন্দ্র | ০৩২১-৬১৫২৪<br>btvnoakhali@gmail.com |
| ১২. | জনাব শেখ মো: নজরুল ইসলাম<br>রক্ষণ প্রকৌশলী (চ:দা:) ও<br>উপকেন্দ্র প্রধান | পটুয়াখালী উপকেন্দ্র | ০৪৪১-৬২১৩৮<br>০৪৪১-৬২৭০১<br>patua.btv@gmail.com |
| ১৩. | জনাব দীপক কুমার মালাকার<br>টেলিভিশন প্রকৌশলী (চ:দা:) ও উপকেন্দ্র প্রধান | ঝিনাইদহ উপকেন্দ্র | ০৪৫১-৬২৬৫৮<br>০৪৫১-৬২৬১৩<br>btv.jhenadoha@gmail.com |
| ১৪. | জনাব জিল্লুর রশীদ<br>ইঞ্জিনিয়ারিং ম্যানেজার (চ: দা:) ও<br>উপকেন্দ্র প্রধান | রাজশাহী উপকেন্দ্র | ০৭২১-৭৭১১০৬<br>০৭২১-৭৭১১০৫<br>md.zilurrashid@yahoo.com |
| ১৫. | জনাব হাসান মাহমুদ এমরান<br>রক্ষণ প্রকৌশলী (চ:দা:) ও উপকেন্দ্র প্রধান | ব্রাক্ষণবাড়িয়া উপকেন্দ্র | ০৮৫১-৫৯৫১২<br>০৮৫১-৫৮২৩৪<br>imran.btv@gmail.com |
| ১৬. | জনাব মো: দেলোয়ার হোসেন<br>রক্ষণ প্রকৌশলী (চ:দা:) ও উপকেন্দ্র প্রধান | নাটোর উপকেন্দ্র | ০৭৭১-৬২২১০<br>০৭৭১-৬২৩৬৪<br>btvnatore@yahoo.com |
| ১৭. | জনাব মো: আইয়ুব খান<br>রক্ষণ প্রকৌশলী (চ:দা:) ও উপকেন্দ্র প্রধান | ঠাকুরগাঁও উপকেন্দ্র | ০৫৬১-৫৩৫৭৩, ০৫৬১-৫২০০০<br>thakurgaontv@yahoo.com |
| ১৮. | জনাব মো: মোস্তাফিজুর রহমান<br>উপ-সহকারী প্রকৌশলী ও উপকেন্দ্র প্রধান | সাতক্ষীরা উপকেন্দ্র | ০৪৭১-৬৩২৯১<br>mustafiz101175@gmail.com |